Madhyamik (Secondary) TEST PAPERS 2025-26

মাধ্যমিক নির্বাচন পরীক্ষার প্রশ্নপত্র সংকলন ২০২৫-২৬



সম্পূর্ণ বিনামূল্যে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

West Bengal Board of Secondary Education

HAZARNOTES.COM

BENGALI

FALAKATA GIRLS' HIGH SCHOOL (H.S.)
BENGALI

সময়ঃ ৩ ঘঃ ১৫ মিনিট পূর্ণমান-৯০

১। সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ ১×১৭=১৭

১.১ আদিম যুগে স্রষ্টার কার প্রতি অসন্তোষ ছিল ? —
(ক) দয়াময় দেবতার প্রতি (খ) কবির সংগীতের প্রতি
(গ) নিজের প্রতি (ঘ) ধরিত্রীর প্রতি

১.২ "আমরা ভিখারি....."—
(ক) সারামাস (খ) আটমাস (গ) দশমাস (ঘ) বারোমাস

১.৩ "গান বাঁধবে সহস্র উপায়ে" — কে গান বাঁধবে ?
(ক) চিল (খ) কোকিল (গ) শকুন (ঘ) ময়ূর

১.৪ "খুব হয়েছে হরি, এইবার সরে পড়ো। অন্যদিকে যাও।"— একথা বলেছে —
(ক) ভবতোষ (খ) অনাদি (গ) কাশীনাথ (ঘ) জনৈক যাত্রী

১.৫ অমৃত এবং ইসাবের জামা বদলানোর বিষয়টি ঘটেছিল —
(ক) মহরমের দিন (খ) পুজোর দিন (গ) ঈদের দিন (ঘ) হোলির দিন

১.৬ অপূর্বর পিতার বন্ধু ছিলেন —
(ক) গিরীশ মহাপাত্র (খ) নিমাইবাবু (গ) রামদাস (ঘ) জগদীশবাবু

১.৭ উনিশ শতকে বত্রিশ হাজার অক্ষর লিখে পাওয়া যেত —
(ক) বারো আনা (খ) চোদ্দো আনা (গ) দশ আনা (ঘ) পনেরো আনা

১.৮ "তা লেখককে নেশাগ্রস্ত করে" — 'তা' বলতে বোঝানো হয়েছে —
(ক) খাতা-পেন (খ) বাঁশের পেন (গ) পালকের পেন (ঘ) ফাউন্টেন পেন

১.৯ "হিমালয় যেন পৃথিবীর মানদণ্ড" — কথাটি বলেছিলেন —
(ক) অশ্বঘোষ (খ) কালিদাস (গ) ভবভূতি (ঘ) ধোয়ী

১.১০ বিভক্তি শব্দের অর্থ কী? —
(ক) বিভাজন (খ) সংকোচন (গ) প্রসারণ (ঘ) সংযোজন

১.১১ "নমি পুত্র পিতার চরণে" — নিম্নরেখ পদটি হল —
(ক) কর্তৃকারক (খ) সম্বন্ধ পদ (গ) সম্বোধন পদ (ঘ) কর্মকারক

১.১২ 'গ্রামান্তর' পদটি কোন সমাসের উদাহরণ ?
(ক) নিত্য সমাস (খ) দ্বন্দ্ব সমাস (গ) বহুব্রীহি সমাস (ঘ) কর্মধারয় সমাস

১.১৩ 'উপনগরী' সমাসটি গড়ে উঠেছে—
(ক) সাদৃশ্য অর্থে (খ) সমীপ্য অর্থে (গ) পশ্চাৎ অর্থে (ঘ) বীপ্সা অর্থে

১.১৪ " বাবুটির স্বাস্থ্য গেছে, কিন্তু সখ যোলো আনাই বজায় আছে।"—গঠনগতভাবে বাক্যটি —
(ক) সরলবাক্য (খ) মিশ্রবাক্য (গ) জটিলবাক্য (ঘ) যৌগিক বাক্য

১.১৫ সে সারাদিন খুব পরিশ্রম করে গভীর রাতে বাড়ি ফিরিল। —এই বাক্যের নিম্নরেখ অংশটি হল —
(ক) উদ্দেশ্য (খ) বিধেয়
(গ) উদ্দেশ্যের সম্প্রসারক (ঘ) বিধেয় সম্প্রসারক

১.১৬ ছবিটি শ্যামের দ্বারা অঙ্কিত। > শ্যাম ছবিটি এঁকেছে। — এই বাচ্য পরিবর্তনটি হল—
(ক) কর্তৃবাচ্য থেকে ভাববাচ্য (খ) কর্মবাচ্য থেকে ভাববাচ্য
(গ) কর্মবাচ্য থেকে কর্তৃবাচ্য (ঘ) ভাববাচ্য থেকে কর্মবাচ্য

১.১৭ শাঁখ বাজে। — এটি কোন বাচ্যের উদাহরণ?
(ক) কর্মবাচ্য (খ) ভাববাচ্য (গ) কর্তৃবাচ্য (ঘ) কর্মকর্তৃবাচ্য

HAZARNOTES.COM

২. কম-বেশি ২০টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ ১×১৯=১৯

২.১ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪=৪

২.১.১ "ক্রমশ ও কথাটাও ছড়িয়ে পড়ে"— কোন কথা ছড়িয়ে পড়ে ?

২.১.২ "বলতে বলতে সিঁড়ি থেকে নেমে গেলেন বিরাগী।"— কী বলতে বলতে নেমেছিলেন ?

২.১.৩ গিরীশ মহাপাত্রের ট্যাঁকে ও পকেটে কী কী ছিল ?

২.১.৪ অমৃতকে কে, কেন খোলা মাঠে নিয়ে এসেছিল ?

২.১.৫ স্টেশনমাস্টারি করতে এসে নদেরচাঁদের সাথে পরিচয় হওয়া নদী আর তার দেশের নদীর মধ্যে পার্থক্য কী ছিল ?

২.২ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪=৪

২.২.১ "ধ্বংস দেখে ভয় কেন তোর "— ধ্বংস দেখে কেন ভয় করা উচিত নয় বলে কবি মনে করেন ?

২.২.২ "আয় আরো বেঁধে বেঁধে থাকি।" — বেঁধে বেঁধে থাকার উদ্দেশ্য কী ?

২.২.৩ "এ অদ্ভুত বারতা"— কোন 'বারতা'-র কথা বলা হয়েছে ?

২.২.৪ "কবির সংগীতে বেজে উঠেছিল ....." — কবির সংগীতে কী বেজে উঠেছিল ?

২.২.৫ "চিত্রের পোতলি সমা"— এমন বলার কারণ কী ?

২.৩ যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৩=৩

২.৩.১ কলমকে কীসের চেয়েও শক্তিধর বলা হয় ?

২.৩.২ "বাংলায় একটা কথা চালু ছিল"— কোন কথা ?

২.৩.৩ বিশ্ববিদ্যালয় নিযুক্ত পরিভাষা সমিতি নবাগত রাসায়নিক বস্তুর ইংরেজি নাম প্রসঙ্গে কী বিধান দিয়েছিলেন ?

২.৩.৪ "এই কথাটি সকল লেখকেরই মনে রাখা উচিত।"— কোন কথা মনে রাখা উচিত ?

২.৪ যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৮=৮

২.৪.১ তির্যক বিভক্তি কাকে বলে ?

২.৪.২ ব্যতিহার কর্তার একটি উদাহরণ দাও।

২.৪.৩ ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো— হস্তশিল্প।

২.৪.৪ কোন সমাসে কারক-সম্পর্ক বিদ্যমান ?

২.৪.৫ একটি আকাঙ্ক্ষাহীন বাক্যের উদাহরণ দাও।

২.৪.৬ সে তখন যেতে পারবে না। — হ্যাঁ-বাচক বাক্যে পরিবর্তন করো।

২.৪.৭ হাত নাড়িয়ে বুলেট তাড়াই। (যৌগিক বাক্যে)

২.৪.৮ বধূরা প্রদীপ তুলে ধর। — কর্মবাচ্যে পরিণত করো।

২.৪.৯ কর্মকর্তৃবাচ্য-এর একটি উদাহরণ দাও।

২.৪.১০ একশেষ দ্বন্দ্ব সমাসের ব্যাসবাক্যসহ একটি উদাহরণ দাও।

৩. প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০টি শব্দে উত্তর দাও ঃ ৩+৩=৬

৩.১ যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৩×১=৩

৩.১.১ "আজ আর অন্য কথা নেই"— কোন দিনের কথা বলা হয়েছে ? সেদিন অন্য কোনো কথা নেই কেন ? ১+২=৩

৩.১.২ "লোকটি কাশিতে কাশিতে আসিল।" — লোকটি কে ? তাকে দেখে অপূর্বর কী মনে হয়েছিল ? ১+২=৩

৩.২ যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৩×১=৩

৩.২.১ "যেখানে ছিল শহর"— শহরের কী পরিণতি হয়েছিল এবং কেন ? ১+২=৩

৩.২.২ "তথা কন্যা থাকে সর্বক্ষণ" — কন্যাটি কে ? তিনি কোথায় সর্বক্ষণ থাকেন ? ১+২=৩

৪. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫

৪.১ "তার থেকে দুঃখের কিছু নেই, তার থেকে অপমানের।"— কার এ কথা মনে হয়েছে ? জীবনের কোন অভিজ্ঞতার মধ্যে দিয়ে সে এই সিদ্ধান্তে পৌঁছেছে ? ১+৪=৫

৪.২ "হরিদার জীবনে একটা নাটকীয় বৈচিত্র্য আছে।"— হরিদা কে ? তাঁর কর্মকাণ্ডের মধ্যে যে নাটকীয় বৈচিত্র্য ধরা পড়েছে, তা গল্প অনুসারে লেখো। ১+৪=৫

৫. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫

৫.১ "তারপর যুদ্ধ এল" — 'তারপর' কথাটির দ্বারা কবি কোন সময়ের কথা বলেছেন ? কবিতায় যুদ্ধের যে বীভৎস রূপের প্রকাশ ঘটেছে, তা আলোচনা করো। ২+৩=৫

৫.২ "পঞ্চকন্যা পাইলা চেতন"— 'পঞ্চকন্যা' বলতে কাদের বোঝানো হয়েছে? পঞ্চকন্যা কীভাবে চেতনা ফিরে পেলো, তা নিজের ভাষায় লেখো। ১+৪=৫

৬. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৫

৬.১ "আমরা এত কিছু আয়োজন কোথায় পাব।"— কোন আয়োজনের কথা বলা হয়েছে? তাঁরা কীভাবে কালি তৈরি করতেন ? ২+৩=৫

৬.২ "বাংলা ভাষায় বিজ্ঞানচর্চায় এখনও নানারকম বাধা আছে।" — বাধাগুলি কী কী ছিল? ৫

৭. কম-বেশি ১২৫ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৪

৭.১ "এই মুহূর্তে দরবার ত্যাগ করো।"—বক্তা কাকে দরবার ত্যাগ করতে বলেছেন? তাঁকে দরবার ত্যাগ করতে বলার কারণ কী? ১+৩

৭.২ 'সিরাজদ্দৌলা' নাট্যাংশ অবলম্বনে ঘসেটি বেগমের চরিত্রটি বিশ্লেষণ করো। ৪

৮. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

৮.১ "একটা মেয়ে পেয়েছি, তাকে শেখাবার সুযোগটুকু দিও তাহলেই হবে"—বক্তার এমন কথা বলার কারণ কী? একথায় বক্তার কোন মানসিকতার পরিচয় পাও? ২+৩=৫

৮.২ "অবশেষে কোনি বাংলা সাঁতার দলে জায়গা পেল।"—কোনি কীভাবে বাংলা সাঁতার দলে জায়গা পেল, তা লেখো। ৫

৮.৩ "সাঁতারু অনেক বড়ো, সেনাপতির থেকে।" — বক্তা কে? বক্তাকে অনুসরণ করে উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪=৫

৯. চলিত বাংলায় অনুবাদ করো ঃ ৪

Rabindranath had his own ideas of education. He believed that one can learn as much from nature as from books. For this reason he started a school of his own at Santiniketan. It is called Vishwabharati.

১০. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৫

১০.১ 'রক্তদানই জীবনদান' — এই বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১০.২ প্লাস্টিক বর্জন নিয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১১. কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করোঃ ১০

১১.১ আধুনিক জীবনে বিজ্ঞান বনাম কুসংস্কার ১১.২ পরিবেশ সচেতনতা ও ছাত্রসমাজ

১১.৩ বাংলার উৎসব ১১.৪ তোমার জীবনের লক্ষ্য

ANSWER KEY

১.১. (গ) নিজের পতি ১.২. (ঘ) বারোমাস ১.৩. (খ) কোকিল ১.৪. (গ) কাশীনাথ ১.৫. (ঘ) হোলির দিন ১.৬. (খ) নিমাইবাবু ১.৭. (ক) বারো আনা ১.৮. (ঘ) ফাউন্টেন পেন ১.৯. (খ) কালিদাস ১.১০. (ক) বিভাজন ১.১১. (খ) সম্বন্ধ পদ ১.১২. (ক) নিত্যসমাস ১.১৩. (ক) সাদৃশ্য অর্থে ১.১৪. (ঘ) যৌগিক বাক্য ১.১৫. (খ) বিধেয় ১.১৬. (গ) কর্মবাচ্য থেকে কর্তৃবাচ্য ১.১৭. (ঘ) কর্মকর্তৃবাচ্য

BAHIRI B.S. HIGH SCHOOL (H.S)

BENGALI

সময়ঃ ৩ ঘঃ ১৫ মিনিট পূর্ণমান-৯০

১। সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো ঃ ১×১৭=১৭

১.১ "অমৃতের মতো ছেলে পেলে আমি একুশজনকেও পালন করতে রাজি আছি।"—কথাটি বলেছিলেন

(ক) ইসাব (খ) বাহালি বৌদি (গ) হাসান ভাই (ঘ) কালিয়ার বাবা

১.২ তপন যে বিষয়টি নিয়ে গল্প লিখেছিল সেটি হল —

(ক) না খেতে পেয়ে মারা যাওয়া (খ) রাজারানি

(গ) গোয়েন্দা গল্প (ঘ) ভরতি হওয়ার দিনের অভিজ্ঞতা ও অনুভূতি।

১.৩ "গভর্নমেন্টের কত টাকাই না এরা বুনো হাঁসের পিছনে ছুটোছুটি করে অপব্যয় করলে।"— 'বুনোহাঁস' এখানে কারা ?
(ক) চোর ডাকাতরা (খ) বিদ্রোহীরা (গ) ইংরেজ কর্মচারীরা (ঘ) জংলী হাঁসেরা

১.৪ 'অম্বুরাশি সুতা' বলে সম্বোধন করা হয়েছে—
(ক) লক্ষ্মীকে (খ) মন্দোদরীকে (গ) চিত্রাঙ্গদাকে (ঘ) মন্দাকিনীকে

১.৫ "ডুবেছিল ধ্যানে"— কতদিনের ধ্যান?
(ক) শতবর্ষ (খ) হাজার বছর (গ) এক যুগ (ঘ) যুগের পর যুগ

১.৬ কবি হাতে হাত রাখতে চাইছেন—
(ক) বন্ধুত্ব গড়ে উঠবে বলে (খ) যদি হারিয়ে যায় সেই কারণে
(গ) হাত শক্ত হবে বলে (ঘ) প্রতিরোধ গড়ে তোলা সম্ভব হবে বলে

১.৭ কালক্রমে এদেশে বৈজ্ঞানিক সাহিত্যরচনা সুসাধ্য হবে, যদি—
(ক) ভাষা শিক্ষার বিস্তার হয়। (খ) বাংলায় বিজ্ঞান লেখা হয়।
(গ) প্রামাণিক বাংলা শব্দ রচিত হয়। (ঘ) বিজ্ঞান শিক্ষার বিস্তার হয়।

১.৮ লুইস অ্যাডসন ওয়াটারম্যান, নামটি যার সঙ্গে যুক্ত—
(ক) পুস্তক (খ) অভিধান (গ) কম্পিউটার (ঘ) ফাউন্টেন পেন

১.৯ "অনেক ধরে টাইপ রাইটারে লিখে গেছেন মাত্র একজন।"— তিনি
(ক) সুবোধ ঘোষ (খ) রাজশেখর বসু (গ) সত্যজিৎ রায় (ঘ) অন্নদাশঙ্কর রায়

১.১০ অনুসর্গের উদাহরণ হল—
(ক) খানা (খ) টি (গ) গাছা (ঘ) জন্য

১.১১ দ্বন্দ্ব সমাসে অর্থ প্রাধান্য থাকে
(ক) পূর্ব পদের (খ) উভয় পদের (গ) পর পদের (ঘ) অন্য পদের

১.১২ "ফেলাইলা কনক-বলয় দূরে"— নিম্নরেখ পদটির সমাস হল
(ক) তৎপুরুষ (খ) অব্যয়ীভাব (গ) বহুব্রীহি (ঘ) কর্মধারয়

১.১৩ বাংলা ব্যাকরণে অ-কারকের সংখ্যা হল—
(ক) একটি (খ) দুটি (গ) তিনটি (ঘ) অসংখ্য

১.১৪ কর্তার উল্লেখ থাকে না—
(ক) কর্তৃবাচ্যে (খ) কর্মবাচ্যে (গ) ভাববাচ্যে (ঘ) কর্মকর্তৃবাচ্যে

১.১৫ "কিন্তু ইহা যে কত বড়ো ভ্রম তাহা কয়েকটি স্টেশন পরেই সে অনুভব করিল।" বাক্যটি হল—
(ক) সরল বাক্য (খ) জটিল বাক্য (গ) যৌগিক বাক্য (ঘ) না-বাচক বাক্য

১.১৬ আমার খাওয়া হয়েছে।— বাক্যটির কর্তৃবাচ্যের রূপ হবে—
(ক) আমি খাবো (খ) আমি খাচ্ছি (গ) আমি খেয়েছি (ঘ) আমাকে খেতে হবে

১.১৭ "বাংলার এই দুর্দিনে আমাকে ত্যাগ করবেন না।"— কী ধরনের বাক্য এটি?
(ক) অনুজ্ঞাসূচক (খ) নির্দেশক (গ) প্রশ্নবোধক (ঘ) বিস্ময়সূচক

২। **কম-বেশি ২০টি শব্দের মধ্যে প্রশ্নগুলির উত্তর দাও ঃ—** ১×১৯ = ১৯

২.১ যে-কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও :— ১×৪=৪

২.১.১ "বড়ো ভয় করিতে লাগিলো নদেরচাঁদের"— কেন ভয় করতে লাগলো ?

২.১.২ "অমৃত ফতোয়া জারি করে দিল,"— অমৃত কী 'ফতোয়া' জারি করেছিল ?

২.১.৩ "আর যাই হোক, যাঁকে খুঁজছেন তাঁর কালচরের কথাটা একবার ভেবে দেখুন।" —কার খোঁজ করা হচ্ছিল ?

২.১.৪ "আপনি কি ভগবানের চেয়েও বড়ো"— বক্তা কাকে একথা বলেছিলেন ?

২.১.৫ "আজ যেন তার জীবনের সবচেয়ে দুঃখের দিন।" — বক্তার কোন দিনটি সবচেয়ে দুঃখের?

২.২ যে-কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও ঃ— ১×৪=৪

২.২.১ "সে জানতো না"— সে কী জানতো না?

২.২.২ "হাসি উত্তরিলা মেঘনাদ"— মেঘনাদের উত্তর কী ছিল?

২.২.৩ "তোমার চেতনাতীত মনে"— চেতনাতীত মনে কী হয়েছিল?

২.২.৪ "আসছে এবার অনাগত" — অনাগত শব্দের অর্থ লেখো।
২.২.৫ "আঁকড়ে ধরে সে খড়কুটো" —'সে খড়কুটো' বলতে কী বোঝানো হয়েছে?

২.৩ যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দাও ঃ— ১×৩=৩

২.৩.১ "বাংলায় একটা কথা চালু ছিল"— কথাটা কী ?
২.৩.২ "সেগুলি বাণ্ডিল করে নিয়ে যেতাম স্কুলে"— 'সেগুলি' কী ?
২.৩.৩ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পরিভাষা সমিতিতে কারা ছিলেন ?
২.৩.৪ "বৈজ্ঞানিক সাহিত্যে যত কম থাকে ততই ভালো।"—কী কম থাকার কথা বলা হয়েছে ?

২.৪ যে-কোনো ৮টি প্রশ্নের উত্তর দাও ঃ— ১×৮=৮

২.৪.১ একটি যোগ্যতাহীন বাক্যের উদাহরণ দাও।
২.৪.২ তির্যক বিভক্তি কাকে বলে ? উদাহরণ দাও।
২.৪.৩ 'মেধাবী ছাত্র শৌভিক অঙ্কটি করতে পারবে।'—বাক্যটিতে বিশেষ্য খণ্ড চিহ্নিত করো।
২.৪.৪ 'বৃষ্টিতে ধুয়ে দিল আমার পায়ের দাগ।'—নিম্নরেখ পদটির কারক ও বিভক্তি নির্ণয় করো।
২.৪.৫ ইসাবের আছে শুধু তার বাবা। (না-বাচক বাক্যে পরিণত করো)
২.৪.৬ কোন বাচ্যে কর্ম কর্তা রূপে কাজ করে?
২.৪.৭ ব্যতিহার কর্তা কাকে বলে ?
২.৪.৮ 'তারা আর স্বপ্ন দেখতে পারলো না।' — ভাববাচ্যে পরিবর্তন করো।
২.৪.৯ শর্তসাপেক্ষ বাক্যের অপর নাম কী?
২.৪.১০ 'হিংসার দ্বারা মহৎ কার্য সাধিত হয় না।'— কর্তৃবাচ্যে রূপান্তরিত করো।

৩। প্রসঙ্গ নির্দেশ সহ কম-বেশি ৬০টি শব্দে উত্তর দাওঃ— ৩+৩=৬

৩.১ কম-বেশি ৬০টি শব্দে উত্তর দাওঃ— (যে-কোনো একটি) ৩×১=৩

৩.১.১ "নিজেকে কেবল বুঝাইতে পারে না।"—কার কথা বলা হয়েছে ? সে নিজেকে কী বোঝাতে পারে না? ১+২=৩
৩.১.২ "যে ভয়ঙ্কর আহ্লাদটা হবার কথা, সে আহ্লাদ খুঁজে পায় না।"—আহ্লাদ হবার কথা ছিল কেন? তা না খুঁজে পাওয়ার কারণ কী ছিল? ১+২=৩

৩.২ কম-বেশি ৬০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ— ৩×১=৩

৩.২.১ "আমাদের শিশুদের শব ছড়ানো রয়েছে কাছে দূরে।"— 'আমরা' কারা ? এমন কথা বলা হয়েছে কেন? ১+২=৩
৩.২.২ "অস্ত্র ফ্যালো, অস্ত্র রাখো গানের দুটি পায়ে"— কবির এই আবেদনের কারণ কী? ৩

৪। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ— ৫×১=৫

৪.১ 'পথের দাবী' রচনাংশ অবলম্বনে অপূর্ব চরিত্রটি নিজের ভাষায় লেখো। ৫
৪.২ "হরিদার জীবনে সত্যিই একটা নাটকীয় বৈচিত্র্য আছে।"— হরিদা কে? তার জীবনের নাটকীয় বৈচিত্র্য নিজের ভাষায় লেখো। ১+৪=৫

৫। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ— ৫×১=৫

৫.১ "দাঁড়াও এই মানহারা মানবীর দ্বারে"— কাকে, কেন 'মানহারা মানবী' বলা হয়েছে? কবির এমন আহ্বানের কারণ ব্যক্ত করো। ২+৩=৫
৫.২ 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতায় কবির যে যুদ্ধবিরোধী মনোভাবের প্রকাশ ঘটেছে, তা নিজের ভাষায় বর্ণনা করো। ৫

৬। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ— ৫×১=৫

৬.১ "আমার মনে পড়ে প্রথম ফাউন্টেন কেনার কথা" — বক্তার আসল নাম কী ? তাঁর ফাউন্টেন পেন কেনার ঘটনাটি সংক্ষেপে আলোচনা করো। ১+৪=৫
৬.২ "কিন্তু বৈজ্ঞানিক সাহিত্যে যত কম থাকে ততই ভালো।"— কী কম থাকার কথা বলা হয়েছে? উক্ত বিষয়গুলি সংক্ষেপে আলোচনা করো। ২+৩=৫

৭। কম-বেশি ১২৫ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ— ৪×১=৪

৭.১ "এই মুহূর্তে তুমি আমার দরবার ত্যাগ করো।"— বক্তা কাকে দরবার ত্যাগ করতে বলেছেন ? তাকে দরবার ত্যাগ করতে বলার কারণ কী? ১+৩=৪

৭.২ "আমার রাজ্য নাই, তাই আমার কাছে রাজনীতিও নাই, আছে শুধু প্রতিহিংসা।"—কে, কার উদ্দেশ্যে একথা বলেছে? প্রতিহিংসার কারণ লেখো। ২+২=৪

৮। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ— ৫×২ = ১০

৮.১ "খাওয়ায় আমার লোভ নেই। ডায়েটিং করি।"— বক্তা কে? কাকে একথা বলেছে? তার 'ডায়েটিং'—এর পরিচয় দাও। ১+১+৩=৫

৮.২ "এটা বুকের মধ্যে পুষে রাখুক।"— কী পুষে রাখার কথা বলা হয়েছে? কারণ ব্যাখ্যা করো। ২+৩=৫

৮.৩ "ফাইট কোনি, ফাইট"— সাধারণ সাঁতারু থেকে চ্যাম্পিয়ন হয়ে উঠতে গিয়ে কোনিকে কী ধরনের 'ফাইট' করতে হয়েছিল, তা নিজের ভাষায় লেখো। ৫

৯। চলিত বাংলায় অনুবাদ করোঃ— ৪

One day a dog stole a piece of meat from a butcher shop. He was crossing over a bridge. Suddenly, he saw his own shadow in the water. He thought that there is another dog and he had a bigger piece of meat.

১০। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ— ৫×১=৫

১০.১ প্লাস্টিকের ব্যবহার নিয়ে দুই বন্ধুর মধ্যে কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২ তোমাদের পাড়ায় একটি রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছিল। — এই বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১১। কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো ঃ— ১০

১১.১ বন ও বন্যপ্রাণী সংরক্ষণ ১১.২ বর্তমান জীবন ও বিজ্ঞান

১১.৩ বাংলার উৎসব ১১.৪ তোমার প্রিয় কবি

ANSWER KEY

১.১. (গ) হাসান ভাই ১.২. (ঘ) ভরতি হওয়ার দিনের অভিজ্ঞতা ও অনুভূতি ১.৩. (খ) বিদ্রোহীরা ১.৪. (ক) লক্ষ্মীকে ১.৫. (খ) হাজার বছর ১.৬. (ঘ) প্রতিরোধ গড়ে তোলা সম্ভব হবে বলে ১.৭. (ঘ) বিজ্ঞান শিক্ষার বিস্তার হয় ১.৮. (ঘ) ফাউন্টেন পেন ১.৯. (ঘ) অন্নদাশঙ্কর রায় ১.১০. (ঘ) জন্য ১.১১. (খ) উভয় পদের ১.১২. (ঘ) কর্মধারয় ১.১৩. (খ) দু'টি ১.১৪. (ঘ) কর্মকর্তৃবাচ্যে ১.১৫. (খ) জটিল ১.১৬. (গ) আমি খেয়েছি ১.১৭. (ক) অনুজ্ঞাসূচক

JAIPUR GIRLS' HIGH SCHOOL (H.S.)

BENGALI

সময়ঃ ৩ ঘঃ ১৫ মিনিট পূর্ণমান-৯০

১। সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ ১×১৭=১৭

১.১ অমৃত ও ইসাব দুজনের বাবা পেশায় ছিলেন—
(ক) চাষি (খ) জেলে (গ) মুচি (ঘ) কামার

১.২ হরিদার ঘরে সকাল-সন্ধ্যা আড্ডা দিত—
(ক) তিনজন (খ) চারজন (গ) পাঁচজন (ঘ) সাতজন

১.৩ বউকে চিঠি লিখতে নদেরচাঁদের সময় লেগেছিল—
(ক) একদিন (খ) দুদিন (গ) তিনদিন (ঘ) পাঁচদিন

১.৪ 'বৃষ্টিতে ধুয়ে দিল' কবির—
(ক) গাড়ির চাকার দাগ (খ) রক্তের দাগ (গ) মনের দাগ (ঘ) পায়ের দাগ

১.৫ নিভৃত অবকাশে আফ্রিকা সংগ্রহ করছিল—
(ক) দুর্বোধ সংকেত (খ) ভাষাহীন ক্রন্দন (গ) দুর্গমের রহস্য (ঘ) নির্লজ্জ অমানুষতা

১.৬ 'হৈমবতীসুত' বধ করেছিলেন—
(ক) তারকাসুরকে (খ) মহিষাসুরকে (গ) বকাসুরকে (ঘ) রাবণকে

১.৭ "অনেক ধরে ধরে টাইপ-রাইটারে লিখে গেছেন"—
(ক) সুভো ঠাকুর (খ) শৈলজানন্দ মুখোপাধ্যায়
(গ) সত্যজিৎ রায় (ঘ) অন্নদাশঙ্কর রায়

১.৮ লেখক ছেলেবেলায় যে জ্যামিতি বই পড়েছিলেন তার লেখক ছিলেন—
(ক) রামমোহন রায় (খ) অক্ষয়কুমার দত্ত (গ) ব্রহ্মমোহন মল্লিক (ঘ) কেশবচন্দ্র নাগ

১.৯ 'অরণ্যে রোদন' বললে ব্যঞ্জনার অর্থ হয়—
(ক) বনে কান্না (খ) বনের কান্না (গ) নিষ্ফল খেদ (ঘ) নিষ্ফল ক্রোধ

১.১০ আনন্দে তার বুক ভরে গেল।—নিম্নরেখ পদটি হল—
(ক) হেতুময় করণ (খ) লক্ষণাত্মক করণ (গ) উপায়াত্মক করণ (ঘ) যন্ত্রাত্মক করণ

১.১১ 'গর্বে যারা অন্ধ তোমার সূর্যহারা অরণ্যের চেয়ে।'—নিম্নরেখ পদটি হল—
(ক) অপাদান কারক (খ) নিমিত্ত কারক (গ) করণ কারক (ঘ) কর্মকারক

১.১২ ব্যাসবাক্য নির্ণয় করতে গেলে অন্য পদের প্রয়োজন পড়ে—
(ক) দ্বিগু সমাসে (খ) বাক্যাশ্রয়ী সমাসে (গ) অলোপ সমাসে (ঘ) নিত্য সমাসে

১.১৩ 'পঞ্চদশ' — সমস্তপদটির সমাসের নাম—
(ক) দ্বিগু (খ) সংখ্যাপূর্বক বহুব্রীহি
(গ) মধ্যপদলোপী বহুব্রীহি (ঘ) মধ্যপদলোপী কর্মধারয়

১.১৪ বাক্যের উদ্দেশ্য হল—
(ক) কর্তা (খ) কর্ম (গ) ক্রিয়া (ঘ) ক্রিয়াবিশেষণ

১.১৫ 'শিগগির কর; নয়তো কেউ দেখে ফেলবে।' — গঠন অনুসারে বাক্যটি—
(ক) সরল বাক্য (খ) জটিল বাক্য (গ) যৌগিক বাক্য (ঘ) মিশ্র বাক্য

১.১৬ কর্ম কর্তার ভূমিকা পালন করে—
(ক) কর্তৃবাচ্যে (খ) কর্মবাচ্যে (গ) ভাববাচ্যে (ঘ) কর্মকর্তৃবাচ্যে

১.১৭ 'এ সমস্তই তার জানা।' >'এ সমস্তই সে জানে।' — এখানে যে বাচ্যান্তর ঘটেছে তা হল—
(ক) কর্তৃবাচ্য থেকে ভাববাচ্য (খ) কর্মবাচ্য থেকে কর্তৃবাচ্য
(গ) কর্তৃবাচ্য থেকে কর্মবাচ্য (ঘ) ভাববাচ্য থেকে কর্তৃবাচ্য

২। কমবেশি ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও : ১×১৯=১৯

২.১. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

২.১.১ "সে ভয়ানক দুর্লভ জিনিস।" — সেই বস্তুটিকে 'দুর্লভ' বলার কারণ কী?
২.১.২ "কথাটা শুনে তপনের চোখ মার্বেল হয়ে গেল।" — কোন্ কথা শুনে তপনের চোখ মার্বেল হয়ে গেল?
২.১.৩ "ওরা ভয়ে কাঠ হয়ে গেল।" — কেন 'ভয়ে কাঠ' হয়ে গিয়েছিল?
২.১.৪ "লোভটা সে সামলাইতে পারিল না," — কোন্ লোভের কথা এখানে বলা হয়েছে?
২.১.৫ "কিন্তু তোমার বাপু একটা ভুল হয়েছে," — কোন্ প্রসঙ্গে একথা বলা হয়েছে?

২.২. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

২.২.১ "আমাদের পথ নেই আর" — পথ না থাকার কারণ কী?
২.২.২ "রক্ত মুছি শুধু গানের গায়ে" — কথাটির অর্থ কী?
২.২.৩ "ঘুচাব এ অপবাদ" — কোন্ অপবাদের আশঙ্কা এখানে করা হয়েছে?
২.২.৪ "এল মানুষ-ধরার দল" — 'মানুষ ধরার দল' বলতে কী বোঝানো হয়েছে?
২.২.৫ "সিন্ধুপারের সিংহদ্বারে ধমক এনে ভাঙল আগল।" — 'সিন্ধুপারের সিংহদ্বার' বলতে কী বোঝানো হয়েছে?

২.৩. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

২.৩.১ "দার্শনিক তাকেই বলি" — লেখক কাকে দার্শনিক বলেন?
২.৩.২ "এতে রচনা উৎকট হয়।" — লেখকের মতে রচনা উৎকট হয় কেন?
২.৩.৩ "তবেই বিপদ।" — কী কারণে এই বিপদ?
২.৩.৪ বৈজ্ঞানিক প্রসঙ্গের ভাষা কেমন হওয়া উচিত বলে লেখক মনে করেন?

২.৪. নীচের যে-কোনো আটটি প্রশ্নের উত্তর লেখো : ১×৮=৮

২.৪.১ 'অনুবাদ' — ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো।

২.৪.২ লুপ্তকর্তা ভাববাচ্যের একটি উদাহরণ দাও।

২.৪.৩ নিম্নরেখ পদটির কারক ও বিভক্তি নির্ণয় করো :
নবাগত রাসায়নিক বস্তুর ইংরেজি নামই বাংলা বানানে চলবে।

২.৪.৪ আধুনিক ভাষাবিজ্ঞান অনুসারে বাক্য সংগঠনকে কয়টি ভাগে ভাগ করা যায়?

২.৪.৫ বিভক্তি ও নির্দেশকের একটি পার্থক্য লেখো।

২.৪.৬ 'একাসনে বসে লিখেও ফেলল আস্ত একটা গল্প।' — জটিল বাক্যে রূপান্তর করো।

২.৪.৭ 'মুন্সিজি পত্র বাছিতে লাগিলেন।' — কর্মবাচ্যে রূপান্তর করো।

২.৪.৮ 'মিথ্যেবাদী কোথাকার!' — বাক্যটিকে নির্দেশক বাক্যে পরিবর্তন করো।

২.৪.৯ 'দেখে আশ্চর্য বোধ হল।' — কর্তৃবাচ্যে পরিণত করো।

২.৪.১০ 'সাবধান' — ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো।

৩। প্রসঙ্গ নির্দেশ করে কমবেশি ৬০টি শব্দে উত্তর দাও :

৩.১. যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো : ৩×১=৩

৩.১.১ "পারিলেও মানুষ কি তাকে রেহাই দিবে?" — কাকে রেহাই দেওয়া সম্পর্কে সংশয় প্রকাশ করা হয়েছে? কেন এমন বলা হয়েছে? ১+২

৩.১.২ "কী অদ্ভুত কথা বললেন হরিদা।" — হরিদা কী কথা বলেছিলেন? বক্তার কাছে হরিদার কথা 'অদ্ভুত' বলে মনে হয়েছে কেন? ১+২

৩.২. যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো : ৩×১=৩

৩.২.১ "কৃপা কর নিরঞ্জন।" — নিরঞ্জন কে? বক্তার এই কৃপা প্রার্থনার কারণ কী? ১+২

৩.২.২ "শিশু আর বাড়িরা খুন হলো।" — 'শিশু' ও 'বাড়িরা' বলতে এখানে কী বোঝানো হয়েছে? তারা কেন খুন হল? ২+১

৪। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো : ৫×১=৫

৪.১ "কৈ এ ঘটনা তো আমাকে বলেননি?" — বক্তা কে? কোন্ ঘটনার কথা এখানে বলা হয়েছে? ঘটনাটি বক্তাকে না বলার কারণ কী? ১+২+২

৪.২ "রত্নের মূল্য জহুরির কাছেই।" — কোন্ ঘটনা প্রসঙ্গে কার মধ্যে এই প্রবাদবাক্যটি জেগে ওঠে? 'রত্ন' ও 'জহুরি' বলতে এখানে কী বোঝানো হয়েছে? বক্তার এরকম মনে হওয়ার কারণ কী? ১+১+৩

৫। কম-বেশি ১৫০ শব্দে একটি প্রশ্নের উত্তর লেখো : ৫×১=৫

৫.১ "আমি এখন হাজার হাতে পায়ে/এগিয়ে আসি" — 'আমি' কে? 'হাজার হাতে পায়ে' বলতে এখানে কী বোঝানো হয়েছে? বক্তা এগিয়ে এসে উঠে দাঁড়াতে চান কেন? ১+২+২

৫.২ "দেবতা বাঁধা যজ্ঞ-যূপে/পাষাণ-স্তূপে!" — এখানে দেবতা কীভাবে বাঁধা পড়ে আছেন? 'পাষাণ-স্তূপে' বলতে কী বোঝানো হয়েছে? উদ্ধৃতাংশটির তাৎপর্য আলোচনা করো। ১+১+৩

৬। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো : ৫×১=৫

৬.১ "জন্ম নিল ফাউন্টেন পেন।" — ফাউন্টেন পেনের স্রষ্টা কে? বাংলায় এই ধরনের পেন কী নামে পরিচিত? বাংলা নামটি কার দেওয়া বলে অনুমান করা হয়? ফাউন্টেন পেনের জন্মবৃত্তান্তটি সংক্ষেপে লেখো। ১+১+১+২

৬.২ "তাতে পাঠকের অসুবিধা হয়।" — কীসে পাঠকের অসুবিধা হয়? এই অসুবিধা দূর করার জন্য কী কী করা প্রয়োজন? ২+৩

৭। কম-বেশি ১২৫ শব্দে একটি প্রশ্নের উত্তর লেখো : ৪×১=৪

৭.১ "মনে হয়, ওর নিশ্বাসে বিষ, ওর দৃষ্টিতে আগুন, ওর অঙ্গ সঞ্চালনে ভূমিকম্প।" — 'ওর' বলতে কাকে বোঝানো হয়েছে? উদ্দিষ্টের প্রতি বক্তার এমন মন্তব্যের কারণ আলোচনা করো। ১+৩

৭.২ "বাংলা শুধু হিন্দুর নয়, বাংলা শুধু মুসলমানের নয় — মিলিত হিন্দু-মুসলমানের মাতৃভূমি গুলবাগ এই বাংলা।" — কাদের উদ্দেশ্য করে একথা বলা হয়েছে? এই বক্তব্যের মধ্য দিয়ে বক্তার কী চারিত্রিক বৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে? ১+৩

HAZARNOTES.COM

৮। **কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর লেখো :** ৫×২=১০

৮.১ "তোর আসল লজ্জা জলে, আসল গর্বও জলে।" — বক্তা কে? কোন্ প্রসঙ্গে তিনি এমন মন্তব্য করেছেন? ১+৪

৮.২ জুপিটার ক্লাবে ক্ষিতীশের বিরুদ্ধে আনা অভিযোগগুলি কী ছিল? এগুলির উত্তরে ক্ষিতীশের বক্তব্য কী ছিল? ৩+২

৮.৩ "তুই আস্ত একটা শয়তান।" — বক্তা কে? তাঁর এমন উপলব্ধির কারণ কী? ১+৪

৯। **চলিত গদ্যে বঙ্গানুবাদ করো :** ৪

A real friend is he who remains true to us as long as he lives. He will share our sorrows as well as our joys. He will stand by us in our hard times and is always ready to help us. He will risk everything, even life for the sake of his friend.

১০। **কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো :** ৫×১=৫

১০.১ 'ভয়াবহ বন্যায় বিপর্যস্ত উত্তরবঙ্গ' — এ বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১০.২ রক্তদানের উপযোগিতা সম্পর্কে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১১। **কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো :** ১০

১১.১ বিজ্ঞানের ভালোমন্দ
১১.২ পরিবেশ সুরক্ষায় ছাত্রসমাজের ভূমিকা
১১.৩ একটি বৃষ্টিমুখর দিন
১১.৪ একটি শহরের আত্মকথা

ANSWER KEY

১.১. (ক) চাষি ১.২. (ক) তিনজন ১.৩. (ঘ) পাঁচদিন ১.৪. (ঘ) পায়ের দাগ ১.৫. (গ) দুর্গমের রহস্য
১.৬. (ক) তারকাসুরকে ১.৭. (ঘ) অন্নদাশঙ্কর রায় ১.৮. (গ) ব্রহ্মমোহন মল্লিক ১.৯. (গ) নিষ্ফল খেদ
১.১০. (ক) হেতুময় করণ ১.১১. (গ) করণ কারক ১.১২. (ঘ) নিত্য সমাসে ১.১৩. (ঘ) মধ্যপদলোপী কর্মধারয়
১.১৪. (ক) কর্তা ১.১৫. (গ) যৌগিক বাক্য ১.১৬. (ঘ) কর্মকর্তৃবাচ্যে ১.১৭. (খ) কর্মবাচ্য থেকে কর্তৃবাচ্য

DURGAPUR PROJECTS BOYS' HIGH SCHOOL (GOVT. SPON. & H.S.)

BENGALI

সময়ঃ ৩ ঘঃ ১৫ মিনিট পূর্ণমান-৯০

১। **সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ** ১×১৭=১৭

১.১ গিরীশ মহাপাত্রের রুমালে কার ছবি আঁকা ছিল?
ক) বাঘ খ) সিংহ গ) রামধনু ঘ) ফুল

১.২ নদেরচাঁদ কাকে কেবল বোঝাতে পারে না?
ক) অন্যকে খ) ছোটোদের গ) বড়োদের ঘ) নিজেকে

১.৩ "দুজনের গায়েই সেদিনকার তৈরি নতুন জামা।" — দিনটি হল—
ক) হোলির দিন খ) জন্মদিন গ) বর্ষার দিন ঘ) পুজোর দিন

১.৪ "আমাদের পথ নেই আর।"—'পথ' শব্দটি কবিতায় ব্যবহৃত হয়েছে —
ক) দু'বার খ) তিনবার গ) একবার ঘ) চারবার

১.৫ আফ্রিকার অন্তঃপুরে আলো ছিল —
ক) কৃপণ খ) দুর্বল গ) আবিল ঘ) নগ্ন

১.৬ কোনটি জয় গোস্বামীর লেখা কাব্যগ্রন্থ?
ক) 'বাবরের প্রার্থনা' খ) 'অগ্নিবীণা' গ) 'রূপসী বাংলা' ঘ) 'পাতার পোশাক'

১.৭ "আমরা কলম তৈরি করতাম" — কী দিয়ে?
ক) বাঁশের কঞ্চি খ) টিনের পাত গ) ফাইবারের স্টিক ঘ) নিমের ডাল

১.৮ বৈজ্ঞানিক সাহিত্যের ক্ষেত্রে যা চলতে পারে—
ক) উপমা ও রূপক খ) পরিভাষা গ) অতিশয়োক্তি ঘ) যমক ও সমাসোক্তি

১.৯ অলংকারের প্রয়োগ কম থাকা ভালো—
ক) সংস্কৃত সাহিত্যে খ) সাধারণ সাহিত্যে গ) অনুবাদ সাহিত্যে ঘ) বৈজ্ঞানিক সাহিত্যে

১.১০ বাংলা ব্যাকরণে অ-কারক পদের সংখ্যা হল—
ক) ১টি খ) ২টি গ) ৩টি ঘ) ৪টি

১.১১ দুগ্‌গা একটা পান সেজে দে তো। — নিম্নরেখ পদটি হল—
ক) কর্তৃকারক খ) সম্বোধন পদ গ) কর্মকারক ঘ) সম্বন্ধপদ

১.১২ 'সমাস' শব্দের অর্থ—
ক) সংক্ষেপ খ) মিলন গ) বিস্তার ঘ) সন্ধি

১.১৩ জায়া ও পতি > দম্পতি — এটি যে সমাসের উদাহরণ—
ক) দ্বন্দ্ব সমাস খ) তৎপুরুষ সমাস গ) কর্মধারয় সমাস ঘ) বহুব্রীহি সমাস

১.১৪ কোনটি বাক্য নির্মাণের আবশ্যিক শর্ত নয়?
ক) যোগ্যতা খ) আসত্তি গ) আকাঙ্ক্ষা ঘ) সমাস

১.১৫ পিকু ভাত খায়। — বাক্যটির 'ভাত খায়' অংশটি হল-
ক) বিধেয় খ) উদ্দেশ্য গ) নামপদ ঘ) সমস্যমান পদ

১.১৬ 'ক্রিয়ার ভাব' প্রাধান্য পায় যে বাচ্যে তা হল—
ক) কর্মবাচ্য খ) কর্তৃবাচ্য গ) ভাববাচ্য ঘ) কর্মকর্তৃবাচ্য

১.১৭ 'ফুরফুর করে বাতাস বইছে।'- এটি কোন্ বাচ্যের উদাহরণ?
ক) কর্তৃবাচ্য খ) কর্মবাচ্য গ) ভাববাচ্য ঘ) কর্মকর্তৃবাচ্য

২। **কম-বেশি ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও ঃ** ১×১৯=১৯

২.১. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪=৪

২.১.১ চুরির সময় তেওয়ারি কোথায় ছিল?
২.১.২ "হঠাৎ তাহার মনে হইয়াছে"— কোন কথা মনে হয়েছে?
২.১.৩ "আমার সঙ্গে আয়।" — অমৃত ইসাবকে এমন নির্দেশ দিল কেন?
২.১.৪ তপনের লেখা গল্পের বিষয়বস্তু কী ছিল?
২.১.৫ কোন্ সাজে হরিদার রোজগার সর্বাধিক হয়েছিল?

২.২. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

২.২.১. "কি কহিলা, ভগরতি" — ভগবতি কে?
২.২.২ "ওই আসে সুন্দর" — সুন্দর কীভাবে আসে?
২.২.৩ 'সিন্ধুতীরে' কবিতায় যে দুই নারীকে 'কন্যা' বলা হয়েছে, সে দুই কন্যা কে কে?
২.২.৪ কবি জয় গোস্বামীর অস্ত্রের বিরুদ্ধে গান কবিতায় কোন্ কোন্ পাখির নাম রয়েছে?
২.২.৫ "উল্টে পড়ল মন্দির থেকে"— কীভাবে উলটে পড়ল?

২.৩. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৩=৩

২.৩.১ কালি তৈরি সম্পর্কে প্রাচীনদের উপদেশটি কী ছিল?
২.৩.২ 'মাছিমারা নকল' বিষয়টি কী?
২.৩.৩ "গুটিকতক ইংরেজি পারিভাষিক শব্দ হয়তো তারা শিখেছে", শব্দগুলি কী কী?
২.৩.৪ "কলম সেদিন খুনিও হতে পারে বইকী।" বক্তব্যটি স্পষ্ট করো।

২.৪. নীচের যে-কোনো আটটি প্রশ্নের উত্তর লেখো : ১×৮=৮

২.৪.১ নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি নির্ণয় করো ঃ তার আমি জামিন হতে পারি।
২.৪.২ একটি দ্বিকর্মক ক্রিয়ার উদাহরণ দাও।
২.৪.৩ দুটি সমার্থক পদ দিয়ে তৈরি দ্বন্দ্ব সমাসের উদাহরণ দাও।
২.৪.৪ উপমেয় পদ বলতে কী বোঝো?
২.৪.৫ বাক্যের আকাঙ্ক্ষা বলতে কী বোঝো?
২.৪.৬ উদ্দেশ্যের সম্প্রসারক বলতে কী বোঝো?
২.৪.৭ কর্তৃবাচ্য ও ভাববাচ্যের মূল পার্থক্য কী?
২.৪.৮ এ সমস্তই তার জানা । (কর্তৃবাচ্যে রূপান্তর করো)

২.৪.৯ 'সমূলে নির্মূল করিব পামরে আজি'।— কর্মবাচ্যে পরিণত করো।
২.৪.১০ 'রথকে দেখা'— সমাস নির্ণয় করো।

৩। **প্রসঙ্গ নির্দেশ করে কম-বেশি ৬০টি শব্দে উত্তর দাও :** ৩+৩=৬

৩.১. যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো : ৩×১=৩

৩.১.১ "নদীর বিদ্রোহের কারণ সে বুঝিতে পারিয়াছে।" — কে বুঝতে পেরেছে? 'নদীর বিদ্রোহ' বলতে সে কী বোঝাতে চেয়েছে? ১ + ২

৩.১.২ "যেন মাটির সঙ্গে মিশিয়ে যাই।" — বক্তা কে? মিশে যাওয়ার কারণ আলোচনা করো। ১ + ২

৩.২. যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো : ৩×১=৩

৩.২.১ "সে জানত না আমি আর কখনো ফিরে আসব না।"—'সে' কে? 'আমি আর কখনো ফিরে আসব না' বলার কারণ কী? ১+২

৩.২.২ "বিধি মোরে না কর নৈরাশ।"— কার প্রার্থনা? এমন প্রার্থনার কারণ কী? ১+২

৪। **কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো :** ৫×১=৫

৪.১ "কিন্তু আমাকে বাঁচানোর জন্য তো আমার মা আছে।" — কে, কাকে উক্তিটি করেছে? এ উক্তিটির মাধ্যমে বক্তার চরিত্রের কোন্ পরিচয় প্রকাশ পেয়েছে? ২ + ৩

৪.২ "এই শহরের জীবনে মাঝে মাঝে বেশ চমৎকার ঘটনা সৃষ্টি করেন বহুরূপী হরিদা।" —হরিদা সৃষ্ট চমৎকার ঘটনাগুলির বিবরণ দাও। ৫

৫। **কম-বেশি ১৫০ শব্দে একটি প্রশ্নের উত্তর লেখো :** ৫×১=৫

৫.১ "আমাদের পথ নেই কোনো"— 'আমাদের' বলতে কবি কাদের বুঝিয়েছেন? তাদের পথ নেই কেন? তাদের সামনে কোন পথের সন্ধান কবি দিয়েছেন? ১+৩+১

৫.২ "প্রলয় বয়েও আসছে হেসে— / মধুর হেসে।" — কে আসছেন? তাঁর হাসির কারণ বিশ্লেষণ করো। ১+৪

৬। **কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো :** ৫×১=৫

৬.১ "কলম এখন সর্বজনীন।" — লেখকের এই মন্তব্যের কারণ বিশ্লেষণ করো। ৫

৬.২ "এতে রচনা উৎকট হয়।" — কার লেখা, কোন রচনার অন্তর্গত? কোন্ কারণে রচনা উৎকট হয়? এর প্রতিকার কী? ২+১+২

৭। **কম-বেশি ১২৫ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো :** ৪×১=৪

৭.১ "পলাশি, রাক্ষসী পলাশি!" — বক্তা কে? পলাশির প্রান্তরকে তিনি রাক্ষসী বলেছেন কেন? ১+৩

৭.২ 'সিরাজদ্দৌলা' নাট্যাংশটির নামকরণের সার্থকতা আলোচনা করো।

৮। **কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর লেখো :** ৫×২=১০

৮.১ "এটা বুকের মধ্যে পুষে রাখুক।" — কী পুষে রাখার কথা বলা হয়েছে? কী কারণে এই পুষে রাখা? ১+৪

৮.২ "পুঁতে রাখব তোকে এই গঙ্গামাটিতে।" — কে কাকে একথা বলেছে? তার এমন কথা বলার কারণ কী? ২+৩

৮.৩ "তবে একবার কখনো যদি জলে পাই..." — কোন্ প্রসঙ্গে কার এই উক্তি? এখানে জলে পাওয়া বলতে কী বোঝানো হয়েছে? ৩+২

৯। **চলিত গদ্যে বঙ্গানুবাদ করো :** ৪

Once a father whose son had fallen in evil company gave him a basket of good mangoes with one bad in it. Next day the good mangoes were found rotten. The man told the boy that the bad mango had spoilt the good ones. He added that bad company likewise made good boys bad.

১০। **কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো :** ৫×১=৫

১০.১ রক্তদানের উপযোগিতা সম্পর্কে ছাত্র ও শিক্ষকের কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২ জলের অপচয় রোধে সচেতনতা শিবির বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১১। **যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো (কম-বেশি ৪০০ শব্দে):** ১০

১১.১ প্রকৃতির আশীর্বাদ ও অভিশাপ
১১.২ লকডাউনের একটি দিন
১১.৩ তোমার জীবনের লক্ষ্য
১১.৪ তোমার প্রিয় দেশনায়ক

ANSWER KEY

১.১ (ক) বাঘ ১.২ (ঘ) নিজেকে ১.৩ (ক) হোলির দিন ১.৪ (ক) দু'বার ১.৫ (ক) কৃপণ ১.৬ (ঘ) পাতার পোশাক
১.৭ (ক) বাঁশের কঞ্চি ১.৮ (খ) পরিভাষা ১.৯ (ঘ) বৈজ্ঞানিক সাহিত্যে ১.১০ (খ) ২টি ১.১১ (খ) সম্বোধন পদ
১.১২ (ক) সংক্ষেপ ১.১৩ (ক) দ্বন্দ্ব সমাস ১.১৪ (ঘ) সমাস ১.১৫ (ক) বিধেয় ১.১৬ (গ) ভাববাচ্যে
১.১৭ (ক) কর্তৃবাচ্য

PATAKAMARI R.N HIGH SCHOOL
BENGALI

সময়ঃ ৩ ঘঃ ১৫ মিনিট পূর্ণমান-৯০

১। **সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ** ১×১৭=১৭

১.১ "তারপর যুদ্ধ এল" — যুদ্ধ যে ভাবে এলো—
ক) রক্তের এক আগ্নেয়পাহাড়ের মতো খ) পাথরের আগুনের মতো
গ) রক্তের সমুদ্রের মতো ঘ) আগ্নেয় পাহাড়ের মতো

১.২ "আলো তার ভরবে এবার ঘর।" — যার আলোয় ঘর ভরবে—
ক) সূর্যের খ) চন্দ্রের গ) উল্কার ঘ) ধূমকেতুর

১.৩ "পায়ে পায়ে হিমানীর বাঁধ।"— এখানে 'হিমানী' শব্দের অর্থ—
ক) জল খ) আগুন গ) তুষার ঘ) পর্বত

১.৪ স্কুলের মাস্টার মশাইয়ের কাছ থেকে হরিদা নিয়েছিলেন—
ক) চারআনা খ) পাঁচআনা গ) সাতআনা ঘ) আটআনা

১.৫ ইসাবের পকেট ছিঁড়েছিল—
ক) চার ইঞ্চি খ) পাঁচ ইঞ্চি গ) ছয় ইঞ্চি ঘ) সাত ইঞ্চি

১.৬ বাড়ির ঠাট্টা তামাশার মধ্যে তপন আরও গল্প লিখে ফেলে—
ক) দুটি খ) তিনটি গ) দু-তিনটি ঘ) তিন-চারটি

১.৭ লেখকরা তা দিয়ে অনবরত লিখে চলেছেন — যা দিয়ে লিখে চলছেন—
ক) অক্ষর দিয়ে খ) হরফ দিয়ে গ) বর্ণ দিয়ে ঘ) কি-বোর্ড দিয়ে

১.৮ "অনেক ধরে ধরে টাইপ রাইটারে লিখে গেছেন মাত্র একজন"— তিনি হলেন
ক) সত্যজিৎ রায় খ) রাজশেখর বসু গ) সুবোধ ঘোষ ঘ) অন্নদাশঙ্কর রায়

১.৯ বৈজ্ঞানিক সাহিত্যের ক্ষেত্রে যা চলতে পারে—
ক) যমক ও সমাসোক্তি খ) অতিশয়োক্তি গ) উৎপ্রেক্ষা ঘ) পরিভাষা

১.১০ কলমে কায়স্থ চিনি — নিম্নরেখ পদটি হল—
ক) করণকারক খ) অপাদান কারক গ) কর্মকারক ঘ) অধিকরণ কারক

১.১১ অনুসর্গের অপর নাম—
ক) অনুপ্রাস খ) কর্মপ্রবচনীয় গ) পরের সর্গ ঘ) অনুমান

১.১২ বহুব্রীহি সমাসে অর্থপ্রাধান্য থাকে—
ক) পূর্বপদের খ) পরপদের গ) উভয়পদের ঘ) তৃতীয় পদের

১.১৩ "কালভয়ঙ্করের বেশে এবার ওই আসে সুন্দর" — নিম্নরেখ পদটির সমাস হল—
ক) উপমিত কর্মধারয় খ) রূপক কর্মধারয় গ) দ্বন্দ্ব ঘ) অব্যয়ীভাব

১.১৪ "আহা কী আনন্দ আকাশে বাতাসে!" — এটি একটি
ক) সন্দেহবাচক বাক্য খ) ইচ্ছাসূচক বাক্য গ) প্রার্থনাসূচক বাক্য ঘ) আবেগসূচক বাক্য

১.১৫ বাক্যস্থিত পদসমূহের অর্থগত ও ভাবগত মেলবন্ধনের নাম—
ক) মাধুর্য খ) যোগ্যতা গ) আকাঙ্ক্ষা ঘ) আসত্তি

১.১৬ 'শাঁখ বাজে।'— এটি যে বাচ্যের উদাহরণ—
ক) কর্তৃবাচ্য খ) কর্মবাচ্য গ) ভাববাচ্য ঘ) কর্মকর্তৃবাচ্য

১.১৭ বাচ্য পরিবর্তনে যে বিষয়টি অপরিবর্তিত থাকে—
ক) ক্রিয়ার কাল বা ভাব খ) বাক্যের অর্থ গ) সাধু চলিত রূপ ঘ) শব্দের ক্রম

২. কম-বেশি ২০ টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও : ১×১৯=১৯

২.১ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

২.১.১ "পৃথিবীতে এমন আলৌকিক ঘটনাও ঘটে।"—
উদ্ধৃতাংশে কোন্ অলৌকিক ঘটনার কথা বলা হয়েছে?

২.১.২ "অদৃষ্ট কখনও হরিদার এই ভুল ক্ষমা করবে না।"—
হরিদার কোন্ ভুল অদৃষ্ট কখনও ক্ষমা করবে না?

২.১.৩ "কিন্তু বাপু তোমার একটা ভুল হয়েছে।" — কোন ভুল হয়েছিল?

২.১.৪ "উনি ঘোষণা করলেন।" — কী ঘোষণা করেছিলেন?

২.১.৫ "নদীর বিদ্রোহের কারণ সে বুঝিতে পারিয়াছে।"—
'নদীর বিদ্রোহের কারণ' কী ছিল?

২.২ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

১.২.১ "আমাদের পথ নেই আর।" — এরকম বলার কারণ কী?

২.২.২ 'আফ্রিকা' কবিতাটি কোন কাব্যগ্রন্থের কত সংখ্যক কবিতা?

২.২.৩ কালবৈশাখির ঝড়কে 'নূতনের কেতন' বলা হয়েছে কেন?

২.২.৪ "পঞ্চকন্যা পাইলা চেতন।"— 'পঞ্চকন্যা' কীভাবে চেতনা ফিরে পেল?

২.২.৫ "হা ধিক্ মোরে!"— বক্তা কী বলে আত্মধিক্কার দিয়েছেন?

২.৩ যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

২.৩.১ 'ত্রিফলা' কী কী ফল?

২.৩.২ "অবাক হয়ে সেদিন মনে মনে ভাবছিলাম।"— প্রাবন্ধিক অবাক হয়ে সেদিন মনে মনে কী ভাবছিলেন?

২.৩.৩ "এই কথাটি সকল লেখকেরই মনে রাখা উচিত।"—কোন্ কথাটি?

২.৩.৪ কলিকাতা বিশ্ববিদ্যালয় নিযুক্ত পরিভাষা সমিতিতে কারা যুক্ত ছিলেন?

২.৪ যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও : ১×৮=৮

২.৪.১ বিভক্তি ও অনুসর্গের একটি পার্থক্য লেখো।

২.৪.২ প্রযোজক কর্তা কাকে বলে উদাহরণসহ লেখো।

২.৪৩ পঞ্চকন্যা পাইলা চেতন।—নিম্নরেখ পদটির কারক ও বিভক্তি নির্ণয় করো।

২.৪.৪ দ্বিগু সমাস এবং সংখ্যাবাচক বহুব্রীহি সমাসের একটি পার্থক্য লেখো।

২.৪.৫ ব্যাসবাক্য-সহ সমাস নির্ণয় করো— 'মন্বন্তর'।

২.৪.৬ বৃথা আশা মরিতে মরিতেও মরে না।— বাক্যটিকে যৌগিক বাক্যে পরিবর্তন করো।

২.৪.৭ "রবীন্দ্রনাথ ঠাকুর নোবেল পুরস্কার পান।" —বাক্যটির বিধেয় অংশ সম্প্রসারিত করো।

২.৪.৮ অনুজ্ঞাসূচক বাক্য কাকে বলে?

২.৪.৯ কোন বাচ্যের রূপান্তর সম্ভব নয়?

২.৪.১০ নিমাইবাবু চুপ করিয়া রহিলেন। — বাক্যটিকে কর্মবাচ্যে পরিবর্তন করো।

৩. প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০টি শব্দে উত্তর দাও : (একটি) ৩×১=৩

৩.১ যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

৩.১.১ "তুমি তো ইউরোপিয়ান নও।"— কথাটি কে কী কারণে বলেছিলেন? ১+২

৩.১.২ "আপনি কী ভগবানের চেয়েও বড়ো?" — কাকে একথা বলা হয়েছে এবং কেন? ১+২

৩.২ প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০টি শব্দে উত্তর দাও : (একটি)

৩.২.১ "পঞ্চকন্যা পাইলা চেতন।"— পঞ্চকন্যা কে কে? তারা কীভাবে শেষ পর্যন্ত চেতনা ফিরে পেয়েছিল? ১+২=৩

৩.২.২ "শঙ্কাকে চাচ্ছিলে হার মানাতে।"— কে কাকে হার মানাতে চেয়েছিল এবং কীভাবে? ১+২=৩

৪। কম-বেশি ১৫০টি শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫×১=৫

৪.১ "আজ যেন মনে হয় তপনের জীবনের সবচেয়ে দুঃখের দিন।" — কোন্ দিনটি তপনের জীবনের সবচেয়ে দুঃখের দিন এবং কেন? ২+৩=৫

৪.২ "পোলিটিক্যাল সাসপেক্ট সব্যসাচী মল্লিককে নিমাইবাবুর সম্মুখে হাজির করানো হইল।" — 'পথের দাবী' পাঠ্যাংশে সন্দেহভাজন সব্যসাচী মল্লিক সম্পর্কে কী জানা যায়? তাঁকে জিজ্ঞাসাবাদের সময় সৃষ্টি হওয়া পরিস্থিতির বর্ণনা দাও। ৩+২=৫

৫। **কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :** ৫×১=৫

৫.১ "ভেঙে এবার গড়তে জানে যে চিরসুন্দর।"— ভাঙার মধ্য দিয়ে নতুন গড়ার ইঙ্গিত প্রলয়োল্লাস কবিতায় যেভাবে ফুটে ওঠেছে তার বর্ণনা দাও।

৫.২ "অস্ত্র ফ্যালো, অস্ত্র রাখো পায়ে"— কার উদ্দেশ্যে এই আবেদন? আবেদনটির তাৎপর্য বুঝিয়ে দাও। ১+৪=৫

৬। **কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :** ৫×১=৫

৬.১ "আমরা কালিও তৈরী করতাম নিজেরাই।"— প্রাবন্ধিক শৈশবে কীভাবে নিজেরাই কালি তৈরী করেছিলেন তার বর্ণনা দাও। ৫

৬.২ "বাংলা ভাষায় বিজ্ঞান চর্চায় এখনও নানারকম বাধা আছে।"— বাধাগুলি কী কী? ৫

৭। **কম-বেশি ১২০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :** ৪×১=৪

৭.১ সিরাজদ্দৌলা নাটক অবলম্বনে সিরাজের চরিত্রটি আলোচনা করো। ৪

৭.২ "কিন্তু ভদ্রতার অযোগ্য তোমরা।"— উক্তিটি কার ? কাকে উদ্দেশ্য করে এই উক্তি? এমন উক্তির কারণ কী? ১+১+২=৪

৮। **কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :** ৫×২=১০

৮.১ কোনি কীভাবে শেষপর্যন্ত বাংলা সাঁতার দলে জায়গা পেয়েছিল তা আলোচনা করো। ৫

৮.২ "ট্যালেন্ট ঈশ্বরের দান।" —ট্যালেন্ট কী? ট্যালেন্ট সম্পর্কে ক্ষিতীশের মনোভাব ব্যক্ত করো। ২+৩=৫

৮.৩ "হঠাৎ তার চোখে ভেসে উঠল ৭০ সংখ্যাটা।"— প্রসঙ্গ উল্লেখ করো। উদ্দিষ্ট ব্যক্তির কাছে ৭০ সংখ্যার তাৎপর্য ব্যাখ্যা করো। ২+৩=৫

৯। **চলিত বাংলায় অনুবাদ করো :** ৪

Words have lot of power. They can help or hurt, bless or curse. Unkind words do a lot of harm, kind words do a lot of good. We can spoil a friends happiness by an unkind word.

১০। **কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :** ৫×১=৫

১০.১ ইংলিশ মিডিয়াম স্কুল বনাম বাংলা মিডিয়াম স্কুল। — এ বিষয়ে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২ বাড়ছে পলিথিনের ব্যবহার, বাড়ছে দূষণ। — এবিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১১। **কম-বেশি ৪০০টি শব্দে যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো।** ১০

১১.১ বাংলার ঋতু বৈচিত্র্য।

১১.২ বিজ্ঞান ও কুসংস্কার।

১১.৩ একটি গাছ একটি প্রাণ।

১১.৪ প্রিয় কবি।

ANSWER KEY

১.১. (ক) রক্তের এক আগ্নেয়পাহাড়ের মতো ১.২. (খ) চন্দ্রের ১.৩. (গ) তুষার ১.৪. (ঘ) আটআনা
১.৫. (গ) ছয় ইঞ্চি ১.৬. (গ) দু-তিনটি ১.৭. (ঘ) কি-বোর্ড দিয়ে ১.৮. (ঘ) অন্নদাশঙ্কর রায়
১.৯. (ঘ) পরিভাষা ১.১০. (ক) করণ কারক ১.১১. (খ) কর্মপ্রবচনীয় ১.১২. (ঘ) তৃতীয় পদের
১.১৩. (খ) রূপক কর্মধারয় ১.১৪. (ঘ) আবেগসূচক বাক্য ১.১৫. (ঘ) আসক্তি ১.১৬. (ঘ) কর্মকর্তৃবাচ্য
১.১৭. (খ) বাক্যের অর্থ।

BARIOL R.A. HIGH SCHOOL (H.S.)
BENGALI

সময়ঃ ৩ ঘঃ ১৫ মিনিট পূর্ণমান-৯০

১। **সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ** ১×১৭=১৭

১.১। নকল পুলিশ সেজে হরিদা মাস্টারমশায়ের কাছ থেকে কত ঘুষ নিয়েছিলেন?
ক) চার আনা খ) আট আনা গ) এক টাকা ঘ) দু' টাকা

১.২। "লল্লাটের লেখা তো খণ্ডাবে না।" — বক্তা কে?
ক) জগদীশবাবু খ) রামদাস গ) গিরীশ মহাপাত্র ঘ) অপূর্ব

১.৩। পান্নালাল প্যাটেল কোন ভাষার লেখক ছিলেন?
ক) পাঞ্জাবি খ) মারাঠি গ) গুজরাতি ঘ) হিন্দি

১.৪। "আমাদের শিশুদের শব / ছড়ানো রয়েছে"—
ক) কাছে খ) দূরে গ) অনেক দূরে ঘ) কাছে দূরে

১.৫। 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতায় কবি 'অস্ত্র' রাখতে বলেছেন—
ক) ঋষি বালকের পায়ে খ) নদীতে গ) দেশগাঁয়ে ঘ) গানের দুটি পায়ে

১.৬। "অভিষেক করিলা কুমারে।" — কীভাবে রাজা কুমারকে অভিষেক করলেন?
ক) বিল্বপত্র দিয়ে খ) দধিদুগ্ধ দিয়ে গ) গঙ্গোদক দিয়ে ঘ) পাদোদক দিয়ে

১.৭। আদিতে ফাউন্টেন পেনের নাম ছিল—
ক) ফাউন্টেন পেন খ) রিজার্ভার পেন গ) ঝরনা কলম ঘ) পার্কার পেন

১.৮। 'Sensitized paper' এর বাংলা অনুবাদ কী লিখলে ঠিক বলে মনে করেন লেখক—
ক) স্পর্শকাতর কাগজ খ) সুগ্রাহী কাগজ গ) সুবেদী কাগজ ঘ) ব্যথাপ্রবণ কাগজ

১.৯। শেষ পর্যন্ত নিবের কলমের মানমর্যাদা কে একমাত্র বাঁচিয়ে রেখেছিলেন?
ক) অন্নদাশঙ্কর রায় খ) সুনীল গঙ্গোপাধ্যায় গ) নিখিল সরকার ঘ) সত্যজিৎ রায়

১.১০। "নমি পুত্র পিতার চরণে" — নিম্নরেখ পদটি —
ক) কর্তৃকারক খ) সম্বন্ধপদ গ) সম্বোধন পদ ঘ) কর্মকারক

১.১১। "সূর্য উঠলে পদ্ম ফোটে" — 'সূর্য' হল —
ক) অনুক্ত কর্তা খ) উক্ত কর্তা গ) নিরপেক্ষ কর্তা ঘ) উপবাক্যীয় কর্তা

১.১২। উপমান ও উপমেয় পদের অভেদ কল্পনা করা হয় যে সমাসে, তার নাম—
ক) উপমিত কর্মধারয় খ) উপমান কর্মধারয় গ) রূপক কর্মধারয় ঘ) সাধারণ কর্মধারয়

১.১৩। 'চিরসুখী' পদটি হল—
ক) করণ তৎপুরুষ খ) কর্ম তৎপুরুষ গ) ব্যাপ্তি তৎপুরুষ ঘ) সম্বন্ধ তৎপুরুষ

১.১৪। "তোরা সব জয়ধ্বনি কর।" — এটা কী জাতীয় বাক্য?
ক) নির্দেশক বাক্য খ) অনুজ্ঞাসূচক বাক্য গ) আবেগসূচক বাক্য ঘ) প্রার্থনা সূচক বাক্য

১.১৫। আজকের সকালটা বেশ কাটল। — গঠনগত দিক থেকে বাক্যটি হল —
ক) সরল বাক্য খ) জটিল বাক্য গ) মিশ্র বাক্য ঘ) যৌগিক বাক্য

১.১৬। বৃষ্টি পড়ছে।— এটি কোন বাচ্যের দৃষ্টান্ত?
ক) কর্মবাচ্য খ) কর্তৃবাচ্য গ) ভাববাচ্য ঘ) কর্মকর্তৃবাচ্য

১.১৭। তাঁকে টিকিট কিনতে হয়নি।— বাক্যটির কর্তৃবাচ্যের রূপ হবে—
ক) তাঁর টিকিট কেনা হয়নি খ) তিনি টিকিট কেনেননি
গ) তাঁর দ্বারা টিকিট ক্রীত হয়নি ঘ) তিনি বিনা টিকিটে চলেছেন

২। কম-বেশি ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও ঃ ১×১৯=১৯

২.১। যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪=৪

২.১.১। "হঠাৎ অমৃতের মাথায় একটা বুদ্ধি খেলে গেল।" — বুদ্ধিটা কী ছিল?
২.১.২। "বড়ো ভয় করিতে লাগিল নদেরচাঁদের।"— নদেরচাঁদের ভয়ের কারণ কী?
২.১.৩। "আর যাই হোক, যাঁকে খুঁজছেন তাঁর কালচারের কথাটা একবার ভেবে দেখুন।"— কার খোঁজ করা হচ্ছিল?
২.১.৪। "আপনি কি ভগবানের চেয়েও বড়ো" — বক্তা একথা কাকে বলেছেন?
২.১.৫। "আজ যেন তার জীবনের সবচেয়ে দুঃখের দিন।" — বক্তার কোন দিনটি সবচেয়ে দুঃখের?

২.২। যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪=৪

২.২.১। "যেখানে ছিল শহর"— সেখানকার কী অবস্থা হল?
২.২.২। "বলো ক্ষমা করো" — কীসের জন্য এই ক্ষমা প্রার্থনা?
২.২.৩। "হা ধিক্ মোরে" — বক্তা নিজেকে ধিক্কার দিচ্ছেন কেন?
২.২.৪। "তথা কন্যা থাকে সর্বক্ষণ" — কন্যা কোথায় থাকে?
২.২.৫। "ধ্বংস দেখে ভয় কেন তোর" — কবি ধ্বংসকে ভয় পেতে নিষেধ করেছেন কেন?

২.৩। যে-কোন তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৩=৩

২.৩.১। "ইতিহাসে ঠাঁই কিন্তু তার পাকা" — ইতিহাসে কার ঠাঁই পাকা?

২.৩.২। "কলম তাদের কাছে আজ অস্পৃশ্য।" — কাদের কাছে অস্পৃশ্য?

২.৩.৩। "অনেক ধরে ধরে টাইপ-রাইটারে লিখে গেছেন মাত্র একজন।" — কার কথা বলা হয়েছে?

২.৩.৪। "সোনার দোয়াত কলম যে সত্যই হতো" — বক্তা সোনার দোয়াত কলমের কথা কীভাবে জেনেছিলেন?

২.৪। যে-কোন আটটি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৮=৮

২.৪.১। সমাস বলতে কী বোঝো?

২.৪.২। 'রত্নাকর' শব্দটির ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো।

২.৪.৩। বাংলায় কী দেখে কারক নির্ণয় করা হয়?

২.৪.৪। মুখ্যকর্মের একটি উদাহরণ দাও।

২.৪.৫। কোন সমাসে দুটি বিজাতীয় সমস্যমান পদের মধ্যে অভেদ কল্পনা করা হয়?

২.৪.৬। "সংগ্রহ করছিলে দুর্গমের রহস্য।" — জটিল বাক্যে রূপান্তর করো।

২.৪.৭। "আমি ছিলাম কালি কলমের ভক্ত।" — প্রশ্নসূচক বাক্যে রূপান্তর করো।

২.৪.৮। "এসো যুগান্তের কবি।" — ভাববাচ্যে পরিণত করো।

২.৪.৯। কর্মবাচ্যের একটি উদাহরণ দাও।

২.৪.১০। যোগ্যতাহীন বাক্যের একটি উদাহরণ দাও।

৩। প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০টি শব্দে উত্তর দাও ঃ ৩+৩=৬

৩.১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৩×১=৩

৩.১.১। "তাতে যে আমার ঢং নষ্ট হয়ে যায়" — 'ঢং' বলতে কী বোঝানো হয়েছে? কীসে ঢং নষ্ট হয়ে যায়? ১+২

৩.১.২। "ওরা ভয়ে কাঠ হয়ে গেল" — 'ওরা' কারা? তারা ভয়ে কাঠ হয়ে গেল কেন? ১+২

৩.২। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৩×১=৩

৩.২.১। "এল মানুষ ধরার দল" — 'মানুষ ধরার দল' কোথায় এল? তাদের 'মানুষ ধরার দল' বলার কারণ কী? ১+২

৩.২.২। "আমরা ভিখারি বারোমাস" — 'আমরা' কারা? 'ভিখারি' শব্দ বলে কবি কী বোঝাতে চেয়েছেন? ১+২

৪। কম-বেশি ১৫০ শব্দে যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

৪.১। "বাবুটির স্বাস্থ্য গেছে, কিন্তু শখ ষোলো আনাই বজায় আছে" — 'বাবুটি' কে? তাঁর স্বাস্থ্য ও শখের পরিচয় দাও। ১+৪

৪.২। "ও আমাকে শিখিয়েছে খাঁটি জিনিস কাকে বলে" —কে, কাকে শিখিয়েছে? 'খাঁটি জিনিস' বলতে কী বোঝানো হয়েছে? ২+৩

৫। কম-বেশি ১৫০ শব্দে যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

৫.১। "হায়, বিধি বাম মম প্রতি" — বক্তা কে? তার এরূপ বক্তব্যের কারণ কী? ১+৪

৫.২। "পঞ্চকন্যা পাইলা চেতন।" — 'পঞ্চকন্যা' কারা? কার চেষ্টায় কীভাবে পঞ্চকন্যা চেতনা ফিরে পেল? ২+৩

৬। কম-বেশি ১৫০ শব্দে যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

৬.১। "বাংলা ভাষায় বিজ্ঞান চর্চায় এখনও নানা রকম বাধা আছে।"— লেখক কোন ধরনের বাধার কথা বলেছেন? ৫

৬.২। "তাই দিয়ে আমাদের প্রথম লেখালেখি।" — লেখকের প্রথম লেখালেখির আয়োজনের পরিচয় দাও। ৫

৭। কম-বেশি ১২৫ শব্দে যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৪×১=৪

৭.১। "বাংলার এই দুর্দিনে আমাকে ত্যাগ করবেন না।"— কাদের উদ্দেশে একথা বলা হয়েছে? কোন দুর্দিনের জন্য তাঁর এই আবেদন? ১+৩

৭.২। "ওকে ওর প্রাসাদে পাঠিয়ে দিন জাঁহাপনা। ওর সঙ্গে থাকতে আমার ভয় হয়।" — বক্তা কে? তার এরকম ভয় হওয়ার কারণ কী? ১+৩

৮। কম-বেশি ১৫০ শব্দে যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

৮.১। দারিদ্র্য আর বঞ্চনার বিরুদ্ধে কোনির যে লড়াই, তা সংক্ষেপে বর্ণনা করো। ৫

৮.২। 'কোনি' উপন্যাসের কাহিনী অবলম্বনে স্বামীর যোগ্য সহধর্মিনী রূপে লীলাবতীর পরিচয় দাও। ৫

৮.৩। "এত কেচ্ছাসাধন করে, বাঁচবেন কী করে?" — কে, কোন প্রসঙ্গে কাকে কথাগুলি বলেছেন? উদ্দিষ্ট ব্যক্তির কেচ্ছাসাধনের বর্ণনা দাও। ২+৩

৯। **চলিত গদ্যে অনুবাদ করো ঃ** ৪

It is very difficult to get rid of bad habits. So, we should be very careful that we do not get into bad habits in our childhood. Idleness is one such bad habit. Every boy and girl should be diligent.

১০। **কম-বেশি ১৫০ শব্দে যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৫×১=৫

১০.১। অনলাইন পঠন-পাঠনের সুবিধা-অসুবিধা নিয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা কর।

১০.২। 'বিজ্ঞাপনের ফাঁদে পড়ে বিভ্রান্ত হচ্ছে মানুষ' — এই বিষয় অবলম্বনে একটি প্রতিবেদন রচনা কর।

১১। **কম-বেশি ৪০০ শব্দে যে-কোন একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর ঃ** ১০

১১.১। দৈনন্দিন জীবনে বিজ্ঞান

১১.২। একটি গাছ একটি প্রাণ

১১.৩। তোমার বিদ্যালয় জীবনের প্রথম দিন

১১.৪। বইপড়া।

ANSWER KEY

১.১. (খ) আট আনা ১.২. (গ) গিরীশ মহাপাত্র ১.৩. (গ) গুজরাতি ১.৪. (ঘ) কাছে-দূরে ১.৫. (ঘ) গানের দুটি পায়ে ১.৬. (গ) গঙ্গোদক দিয়ে ১.৭. (খ) রিজার্ভার পেন ১.৮. (খ) সুগ্রাহী কাগজ ১.৯. (ঘ) সত্যজিৎ রায় ১.১০. (খ) সম্বন্ধ পদ ১.১১. (গ) নিরপেক্ষ কর্তা ১.১২. (গ) রূপক কর্মধারয় ১.১৩. (গ) ব্যাপ্তি তৎপুরুষ ১.১৪. (খ) অনুজ্ঞাসূচক বাক্য ১.১৫. (ক) সরল বাক্য ১.১৬. (খ) কর্তৃবাচ্য ১.১৭. (খ) তিনি টিকিট কেনেননি।

MANIKO ADIBASI HIGH SCHOOL (H.S.)

BENGALI

সময়ঃ ৩ ঘঃ ১৫ মিনিট পূর্ণমান-৯০

১। **সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ** ১×১৭=১৭

১.১. বিরাগীর মতে 'ধন জন যৌবন' হল —
ক) মিথ্যা খ) অনর্থের মূল গ) বঞ্চনা ঘ) সুখের উৎস

১.২. "দয়ার সাগর পরকে সেজে দি, নিজে খাইনে।" বক্তা হলেন —
ক) জগদীশবাবু খ) নিমাইবাবু গ) অপূর্ব ঘ) গিরীশ মহাপাত্র

১.৩. "আয় আমি তোর সঙ্গে লড়ব।"- কে একথা বলেছিল?
ক) অমৃত খ) ইসাব গ) কালিয়া ঘ) প্রথম ছেলেটি

১.৪. "দিগম্বরের জটায় হাসে শিশু চাঁদের কর"— 'দিগম্বর' হল —
ক) কালপুরুষ খ) মহাপুরুষ গ) মহাদেব ঘ) মহাবীর

১.৫. "আমাদের শিশুদের শব/ছড়ানো রয়েছে" —
ক) কাছে কাছে খ) দূরে দূরে গ) কাছে দূরে ঘ) অনেক দূরে

১.৬. হাসিবে 'মেঘবাহন'— মেঘবাহন বলতে বোঝানো হয়েছে —
ক) দেবরাজ ইন্দ্র খ) অগ্নিদেব গ) মহাদেব ঘ) পবনদেব

১.৭. বাঙালী সাংবাদিকদের 'বাবু কুইল ড্রাইভারস' বলেছিলেন কে?
ক) লর্ড আমহার্স্ট খ) লর্ড কার্জন গ) লর্ড ওয়েলেসলি ঘ) লর্ড ক্যানিং

১.৮. কত সালে কলিকাতা বিশ্ববিদ্যালয় পরিভাষা সমিতি নিযুক্ত করেন?
ক) ১৯৩৫ সালে খ) ১৯৩৬ সালে গ) ১৯৪৫ সালে ঘ) ১৯৪৬ সালে

১.৯. "তিল ত্রিফলা সিমুল ছালা"— 'ত্রিফলা' হল —
ক) আমলকি, সুপারি, হরিতকি খ) সুপারি, এলাচ, জায়ফল
গ) সুপারি, আমলকি, বহেড়া ঘ) আমলকি, হরিতকি, বহেড়া

১.১০. পদের বচনকে নির্দিষ্ট করে —
ক) শব্দ বিভক্তি খ) ক্রিয়া বিভক্তি গ) নির্দেশক ঘ) অনুসর্গ

১.১১. ওরে ভাই, ফাগুন লেগেছে বনে বনে।— রেখাঙ্কিত পদটি হল —
ক) কর্তৃকারক খ) সম্বন্ধপদ গ) কর্মকারক ঘ) সম্বোধন পদ

১.১২. 'পৃথিবী হয়ত বেঁচে আছে।'— নিম্নরেখ পদটি কোন কারক? —
ক) কর্তৃকারক খ) কর্মকারক গ) করণ কারক ঘ) অধিকরণ কারক

১.১৩. যে কর্মধারয় সমাসে সাধারণ ধর্ম থাকে না —
ক) উপমান খ) উপমিত গ) রূপক ঘ) মধ্যপদলোপী

১.১৪. "বাংলার এই দুর্দিনে আমাকে ত্যাগ করবেন না।"— এটি কী ধরনের বাক্য?
ক) বিস্ময়সূচক বাক্য খ) অনুজ্ঞাসূচক বাক্য গ) নির্দেশক বাক্য ঘ) প্রশ্নবোধক বাক্য

১.১৫. "সূর্য পশ্চিম দিকে উদিত হয়।"— এখানে যে ত্রুটি আছে তা হল —
ক) যোগ্যতা নেই খ) আকাঙ্ক্ষা নেই গ) আসত্তি নেই ঘ) অর্থ নেই

১.১৬. ক্রিয়ার অর্থ প্রাধান্য পায় —
ক) কর্তৃবাচ্যে খ) ভাববাচ্যে গ) কর্মবাচ্যে ঘ) কর্মকর্তৃবাচ্যে

১.১৭. অলোপ সমাসের একটি প্রধান বৈশিষ্ট্য হল —
ক) পরপদের বিভক্তি লোপ পায় না খ) পূর্বপদের বিভক্তি লোপ পায় না
গ) পূর্বপদের বিভক্তি লোপ পায় ঘ) পূর্বপদ ও পরপদের বিভক্তি লোপ পায় না

২। **কম-বেশি ২০টি শব্দের মধ্যে উত্তর দাও ঃ** ১×১৯=১৯

২.১। যে-কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪=৪

২.১.১. "উনি আসল ঘটনাটা জানেন"। — কোন ঘটনার কথা বলা হয়েছে?

২.১.২ "কিন্তু তোমার বাপু একটা ভুল হয়েছে" — ভুল কী ছিল?

২.১.৩. "বাঃ এ তো বেশ মজার ব্যাপার!"— মজার ব্যাপারটা কী?

২.১.৪. "তা ঘটেছে, সত্যিই ঘটেছে।"— কোন ঘটনার কথা বলা হয়েছে?

২.১.৫. "সে প্রায় কাঁদিয়া ফেলিয়াছিল।"— উদ্দিষ্ট ব্যক্তি কেন প্রায় কেঁদে ফেলেছিল?

২.২। যে-কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪=৪

২.২.১. "অনুমান করে নিজ চিতে।"— কী অনুমান করেছিল?

২.২.২. "বৈরিদল বেড়ে / স্বর্ণলঙ্কা"— 'বৈরিদল' বলতে কাদের বোঝানো হয়েছে?

২.২.৩. "এল মানুষ ধরার দল।"— কবি কাদের 'মানুষ ধরার দল' বলেছেন?

২.২.৪. "আমাদের পথ নেই আর —" 'আমাদের' বলতে কবি কাদের কথা বলেছেন?

২.২.৫. "ওই যে মহাকাল সারথি রক্ত-তড়িৎ চাবুক হানে।"—মহাকাল কী?

২.৩। যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৩=৩

২.৩.১. অভিধা কাকে বলে?

২.৩.২. "একটি দোষ প্রায় নজরে পড়ে।"— কোন দোষের কথা বলা হয়েছে?

২.৩.৩. "এই নেশা পেয়েছি আমি শরৎদার কাছ থেকে।"— কোন নেশার কথা বলা হয়েছে?

২.৩.৪. লেখক ভারতে না জন্মে যদি প্রাচীন মিশরে জন্মাতেন তবে কী করতেন?

২.৪। যে-কোনো ৮টি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৮=৮

২.৪.১. বাংলায় অকারক পদগুলি কারক নয় কেন?

২.৪.২. নিরপেক্ষ কর্তার উদাহরণ দাও।

২.৪.৩. 'বহুরূপী' শব্দটির ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো।

২.৪.৪. সন্ধি ও সমাসের পার্থক্য লেখো।

২.৪.৫. ভিন্ন পদের অর্থ প্রাধান্য পায় এরূপ একটি সমাসের নাম লেখো।

২.৪.৬. 'সমাস' শব্দের ব্যুৎপত্তি নির্ণয় করো।

২.৪.৭. "বাবুটির স্বাস্থ্য গেছে, কিন্তু শখ ষোলোআনাই বজায় আছে।"— সরল বাক্যে পরিণত করো।

২.৪.৮. "খাঁটি গোরুর দুধ খেতে হবে।" — এটি বাক্য নয় কেন?

২.৪.৯. "কথাটি শুনে তপনের চোখ মার্বেল হয়ে গেল" — জটিল বাক্যে পরিণত করো।

২.৪.১০. কর্মকর্তৃবাচ্য কাকে বলে?

২.৪.১১. ভাববাচ্যের একটি উদাহরণ দাও।

HAZARNOTES.COM

৩. **প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০টি শব্দে উত্তর দাও ঃ** ৩+৩=৬

৩.১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৩×১=৩

৩.১.১. "কী অদ্ভুত কথা বললেন হরিদা"— বক্তা কে? বক্তার কাছে হরিদার কথা অদ্ভুত মনে হয়েছিল কেন? ১+২=৩

৩.১.২. "গায়ে কাঁটা দিয়ে উঠল তপনের"— তপন কে? তার গায়ে কাঁটা দিয়ে উঠল কেন? ১+২=৩

৩.২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৩×১=৩

৩.২.১. "তারা আর স্বপ্ন দেখতে পারল না।"— 'তারা' কারা? কেন স্বপ্ন দেখতে পারল না? ১+২=৩

৩.২.২. "অস্ত্র রাখো গানের দুটি পায়ে" – অস্ত্র কীসের প্রতীক? কবি অস্ত্র রাখতে বলেছেন কেন? ১+২=৩

৪। **কম-বেশি ১৫০টি শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৫×১=৫

৪.১. "বাবুটির স্বাস্থ্য গেছে কিন্তু শখ ষোল আনাই বজায় আছে"—'বাবুটি' কে? তার স্বাস্থ্য ও শখের পরিচয় দাও। ১+৪

৪.২. "তাতে যে আমার ঢং নষ্ট হয়ে যাবে।"— বক্তা কোন প্রসঙ্গে একথা বলেছেন? এই উক্তির আলোকে বক্তার চরিত্র বিশ্লেষণ করো। ২+৩

৫। **কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৫×১=৫

৫.১. "পঞ্চকন্যা পাইল চেতন।"— 'পঞ্চকন্যা' কাদের বলা হয়েছে? পঞ্চকন্যা কীভাবে চেতন ফিরে পেয়েছিল? ১+৪=৫

৫.২. "আর সেই মেয়েটি আমার অপেক্ষায়"—অপেক্ষারতা সেই মেয়েটির মধ্য দিয়ে কবি স্বদেশপ্রেম তথা মানবপ্রেমের যে শাশ্বতরূপ তুলে ধরেছেন তা আলোচনা করো। ৫

৫.৩. "তোরা সব জয়ধ্বনি কর।" — এখানে 'তোরা' বলতে কাদের বোঝানো হয়েছে? কবির একথা বলার কারণ সংক্ষেপে লেখো। ১+৪=৫

৬। **কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৫×১=৫

৬.১. "তাই কেটে কাগজের মতো সাইজ করে নিয়ে আমরা তাতে 'হোম-টাস্ক' করতাম।" — কীসে 'হোম টাস্ক' করা হত? 'হোম টাস্ক' করার সম্পূর্ণ বিবরণ দাও। ১+৪=৫

৬.২. "বাংলা ভাষায় বিজ্ঞান চর্চায় এখনও নানারকম বাধা আছে।"— এই বাধা দূর করতে লেখক কী কী পরামর্শ দিয়েছেন তা লেখো। ১+৪=৫

৭। **কম-বেশি ১২৫টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৪×১=৪

৭.১. "বাংলা শুধু" হিন্দুর নয়, বাংলা শুধু মুসলমানের নয় — মিলিত হিন্দু-মুসলমানের মাতৃভূমি গুলবাগ এই বাংলা।" কাদের উদ্দেশ্য করে একথা বলা হয়েছে? এই বক্তব্যের মধ্য দিয়ে বক্তার কী চারিত্রিক বৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে? ১+৩

৭.২. "কিন্তু ভদ্রতার অযোগ্য তোমরা"— কাকে উদ্দেশ্য করে কথাটি বলা হয়েছে? একথা বলার কারণ কী? ১+৩

৮। **কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৫×২=১০

৮.১. "বিষ্টু ধরের বিরক্তির কারণ হাত পনেরো দূরের একটা লোক" — বিষ্টু ধরের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে তার বিরক্তির কারণ উল্লেখ করো। ৫

৮.২. "ওইটেই তো আমি রে, যন্ত্রণাটাই তো আমি।"— বক্তা কে? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪

৮.৩. "প্রথম দিকে লীলাবতী বিদ্রোহী হয়েছিল।"— লীলাবতীর চরিত্রের পরিচয় দাও। তার বিদ্রোহের কারণ কী? ২+৩

৯। **চলিত গদ্যে বঙ্গানুবাদ করো ঃ** ৪

No person can be happy without friends. But you cannot receive affection unless you also give it. Love is to be obtained only by giving love in return. If your companions do not love you it is your fault. They cannot but love you, if you be kind and friendly.

১০। **কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৫×১

১০.১. "গাছ কাটার বিরুদ্ধে এলাকাবাসীর প্রতিরোধ।"—এ বিষয়ে সংবাদপত্রের জন্য একটি প্রতিবেদন লেখো। ৫

১০.২. 'পথ নিরাপত্তা বিষয়ে সচেতনতা' — এই বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো। ৫

১১। **কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো ঃ** ১০

১১.১. শিক্ষা বিস্তারে গণমাধ্যম

১১.২. একটি ভ্রমণের অভিজ্ঞতা

১১.৩. তোমার জীবনের লক্ষ্য

১১.৪. আধুনিক জীবন ও বিজ্ঞান

ANSWER KEY

১.১ (গ) বঞ্চনা ১.২ (ক) জগদীশবাবু ১.৩ (খ) ইসাব ১.৪ (গ) মহাদেব ১.৫ গ) কাছে-দূরে ১.৬ (ক) দেবরাজ ইন্দ্র ১.৭ (খ) লর্ড কার্জন ১.৮ (খ) ১৯৩৬ সালে ১.৯ (ঘ) আমলকি, হরিতকি, বহেড়া ১.১০ (গ) নির্দেশক ১.১১ (ঘ) সম্বোধন পদ ১.১২ (ক) কর্তৃকারক ১.১৩ (খ) উপমিত ১.১৪ (খ) অনুজ্ঞাসূচক বাক্য ১.১৫ (ক) যোগ্যতা নেই ১.১৬ (খ) ভাববাচ্যে ১.১৭ (খ) পূর্বপদে বিভক্তি লোপ পায় না।

KALIAGANJ UTTAMESWAR HIGH SCHOOL
BENGALI

সময়ঃ ৩ ঘঃ ১৫ মিনিট পূর্ণমান-৯০

১। সঠিক উত্তরটি নির্বাচন করো : ১×১৭=১৭

১.১ নদেরচাঁদ রওনা করিয়েছিল—
(ক) আড়াইটা (খ) সাড়ে তিনটা (গ) চারটে পঁয়তাল্লিশ (ঘ) পৌনে ছয়টা-এর ট্রেন।

১.২ হাসান বললেন, বাহালি বৌদি, অমৃতের মতো ছেলে পেলে আমি—
(ক) কুড়ি (খ) একুশ
(গ) বাইশ (ঘ) তেইশ জনকেও পালন করতে রাজি।

১.৩ কেবল আশ্চর্য সেই মুখের অদ্ভুত দুটি চোখের—
(ক) দৃষ্টি (খ) চাহনি (গ) ইশারা (ঘ) ভাষা

১.৪ 'দিগম্বরের জটায় হাসে' —
(ক) ক্ষীণ (খ) বৃদ্ধ (গ) শিশু (ঘ) সুন্দর -চাঁদের কর।

১.৫ 'কন্যারে ফেলিল যথা'— এই কন্যা হলেন—
(ক) রতন সেনের কন্যা পদ্মাবতী (খ) রত্নসেনের স্ত্রী পদ্মাবতী
(গ) পদ্মাবতীর পঞ্চম সখী (ঘ) সমুদ্রকন্যা পদ্মা

১.৬ "যথা বৃহন্নলারূপী কিরীটি",— 'কিরীটি' হলেন—
(ক) ভীম (খ) কার্তিক (গ) ইন্দ্রজিৎ (ঘ) অর্জুন ,

১.৭ "লাঠি তোমার দিন ফুরাইয়াছে"— বলেছিলেন—
(ক) সুভাষ মুখোপাধ্যায় (খ) অন্নদাশংকর
(গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

১.৮ "হিমালয় যেন পৃথিবীর মানদণ্ড"- বলেছিলেন—
(ক) রবীন্দ্রনাথ (খ) বিদ্যাসাগর (গ) কালিদাস (ঘ) রাজশেখর বসু

১.৯ 'স্টাইলাস' আসলে—
(ক) হাড় (খ) প্লাটিনাম (গ) তামা (গ) ব্রোঞ্জ-এর শলাকা।

১.১০ অনুসর্গ এক প্রকার—
(ক) বিশেষ্য (খ) বিশেষণ (গ) সর্বনাম (ঘ) অব্যয়

১.১১ বিভক্তি শব্দটির অর্থ—
(ক) বিশেষ (খ) বিকার (গ) বিভাজন (ঘ) বিরাগ

১.১২ 'পূজার ফুল' হল—
(ক) কর্ম (খ) কর্তা (গ) করণ (ঘ) নিমিত্ত সম্বন্ধ

১.১৩ দ্বন্দ্ব সমাসে অর্থ প্রাধান্য থাকে—
(ক) পূর্বপদের (খ) উভয়পদের (গ) পরপদের (ঘ) অন্যপদের

১.১৪ মায়ে ঝিয়ে গল্প করে। রেখাঙ্কিত পদটি হলো—
(ক) সহযোগী (খ) ব্যতিহার (গ) অনুক্ত (ঘ) প্রযোজ্য কর্তা

১.১৫ বাক্য নির্মাণের আবশ্যিক শর্ত—
(ক) যোগ্যতা ও আকাঙ্ক্ষা (খ) যোগ্যতা আকাঙ্ক্ষা আসত্তি
(গ) আকাঙ্ক্ষা ও আসত্তি (ঘ) যোগ্যতা ও আসত্তি

১.১৬ একটি মাত্র সমাপিকা ক্রিয়া থাকে —
(ক) জটিল (খ) মিশ্র (গ) যৌগিক (ঘ) সরল বাক্যে

১.১৭ পূর্বপদ উপমেয়, পরপদ উপমান, সাধারণ ধর্ম অনুপস্থিত।—এই বৈশিষ্ট্য দেখা যায়—
(ক) উপমান কর্মধারয়ে (খ) উপমিত কর্মধারয়ে
(গ) রূপক কর্মধারয়ে (ঘ) মধ্যপদলোপী কর্মধারয়ে

২। কম-বেশি ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও : ১×১৯=১৯

২.১. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

২.১.১ "তিনি নাকি বই লেখেন"— কার কথা বলা হয়েছে?
২.১.২ "মাস্টারমশাই একটুও রাগ করেন নি। বরং একটু তারিফই করলেন"— মাস্টারমশাই কার তারিফ করলেন?
২.১.৩ "তবে এ বস্তুটি পকেটে কেন?" — বস্তুটি কী?
২.১.৪ "উনি দশ বছরের অমৃতকে জড়িয়ে ধরলেন।" — এই জড়িয়ে ধরার কারণ কী?
২.১.৫ "বড়ো ভয় করিতে লাগিল নদেরচাঁদের" — এই ভয়ের কারণ কী?

২.২. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

২.২.১ "সিন্ধুতীরে রহিছে মাঞ্জস" — 'মাঞ্জস' শব্দটির অর্থ কী?
২.২.২ "সেই হোক তোমার সভ্যতার শেষ পুণ্যবাণী।" — 'সভ্যতার শেষ পুণ্যবাণী' কী?
২.২.৩ "অস্ত্র ফেলো, অস্ত্র রাখো" — কবি কোথায় অস্ত্র রাখতে বলেছেন?
২.২.৪ "হাসিবে মেঘবাহন"— 'মেঘবাহন' কে?
২.২.৫ "এই তো রে তার আসার সময়"— কার আসার সময় বলে মনে করা হচ্ছে?

২.৩. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

২.৩.১ "বাবু কুইল ড্রাইভারস" — কাদের সম্পর্কে এমন কথা বলা হতো?
২.৩.২ "তাঁরও ছিল ফাউন্টেন পেনের নেশা" — কার সম্বন্ধে এই কথা বলা হয়েছে?
২.৩.৩ "আমাদের আলংকারিকগণ শব্দের ত্রিবিধ কথা বলেছেন"— শব্দের এই 'ত্রিবিধ কথা'গুলি কী কী?
২.৩.৪ বাংলা ভাষায় বিজ্ঞানচর্চার অন্যতম বাধা কী?

২.৪. নীচের যে-কোনো আটটি প্রশ্নের উত্তর লেখো : ১×৮=৮

২.৪.১ কারক-এ নির্দেশক বলতে কী বোঝায়?
২.৪.২ ট্রেন রোডস্টেশন ছেড়ে গেছে।—রেখাঙ্কিত পদটির কারক বিভক্তি নির্ণয় করো।
২.৪.৩ বিপরীতার্থক দ্বন্দ্বের একটি উদাহরণ দাও।
২.৪.৪ রথকে দেখা > রথদেখা — এখানে কী ধরনের সমাস হয়েছে?
২.৪.৫ যোগ্যতাহীন বাক্যের একটি উদাহরণ দাও।
২.৪.৬ একটি মিশ্র বাক্যের উদাহরণ দাও।
২.৪.৭ "গান তো জানি একটা দুটো।" — ভাববাচ্যে পরিণত করো।
২.৪.৮ একটি কর্মকর্তৃবাচ্যের উদাহরণ দাও।
২.৪.৯ একটি শর্তসাপেক্ষ বাক্যের উদাহরণ দাও।
২.৪.১০ 'অন্ধকার' শব্দটির ব্যাসবাক্য ও সমাস নির্ণয় করো।

৩। প্রসঙ্গ নির্দেশ করে কম-বেশি ৬০টি শব্দে উত্তর দাও :

৩.১. যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো : ৩×১=৩

৩.১.১ "পৃথিবীতে এমন অলৌকিক ঘটনাও ঘটে।"— অলৌকিক ঘটনাটি কী? এটাকে অলৌকিক বলার কারণ কী? ১+২

৩.১.২ "সে ভয়ানক দুর্লভ জিনিস।"— কী দুর্লভ জিনিস? তাকে দুর্লভ বলা হয়েছে কেন? ১+২

৩.২. যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো : ৩×১=৩

৩.২.১ "চিত্রের পোতলি সমা"— কাকে 'চিত্রের পোতলি' বলা হয়েছে? কেন?
৩.২.২ "আমার শুধু একটা কোকিল" — উদ্ধৃত অংশটির তাৎপর্য লেখো।

৪। **কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো :** ৫×১=৫

৪.১ "বাবুটির স্বাস্থ্য গেছে কিন্তু শখ ষোলো আনাই বজায় আছে"— বাবুটি কে? তাঁর স্বাস্থ্য ও শখের পরিচয় দাও। ১+৪

৪.২ "নদীর বিদ্রোহের কারণ সে বুঝিতে পারিয়াছে।" - 'সে' কে? নদীর বিদ্রোহের কারণ কী বলে তাঁর মনে হয়েছে? ১+৪

৫। **কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো :** ৫×১=৫

৫.১ "পঞ্চকন্যা পাইলা চেতন" — পঞ্চকন্যা কারা? তারা কীভাবে চেতনা পেল? ২+৩

৫.২ "তোরা সব জয়ধ্বনি কর।"— এখানে 'তোরা' বলতে কাদের বোঝানো হয়েছে? তারা জয়ধ্বনি করবে কেন? ২+৩

৬। **কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো :** ৫×১=৫

৬.১ "আমরা কালিও তৈরি করতাম নিজেরাই।"— কালি তৈরি করার এই অভিজ্ঞতাটি কার? তাঁরা কীভাবে কালি তৈরি করতেন? ১+৪

৬.২ "বাংলা ভাষায় বিজ্ঞান চর্চার এখনও নানা রকমের বাধা আছে।"— বাংলা ভাষায় বিজ্ঞান চর্চার যে যে বাধাগুলি প্রাবন্ধিক উল্লেখ করেছেন তা নিজের ভাষায় লেখো। ৫

৭। **কম-বেশি ১২৫ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো :** ৪×১=৪

৭.১ "দরবার ত্যাগ করতে আমরা বাধ্য হচ্ছি জাঁহাপনা" — বক্তা কে? কেন তাঁরা দরবার ত্যাগ করতে চান? ১+৩

৭.২ "আজ বিচারের দিন নয়, সৌহার্দ্য স্থাপনের দিন।" — কে কাকে উদ্দেশ্য করে কথাটি বলেছে? প্রসঙ্গ উল্লেখ করে কথাটির তাৎপর্য বুঝিয়ে দাও। ১+৩

৮। **কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর লেখো :** ৫×২=১০

৮.১ "এত কেচ্ছাসাধন করেন! বাঁচবেন কী করে?" — কে কোন প্রসঙ্গে কাকে এই কথাগুলি বলেছিলেন? উদ্দিষ্ট ব্যক্তির 'কেচ্ছাসাধন'— এর পরিচয় দাও। ২+৩

৮.২ "যন্ত্রণাকে বোঝ, ওটাকে কাজে লাগাতে শেখ, ওটাকে হারিয়ে দে।" — বক্তা কে? কাকে উদ্দেশ্য করে বলেছিলেন? বক্তব্যটির তাৎপর্য উল্লেখ করো। ১+১+৩

৮.৩ "ফাইট কোনি, ফাইট" — দারিদ্র্য আর বঞ্চনার বিরুদ্ধে কোনির যে লড়াই করে জয়ী হয়ে ওঠা তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

৯। **চলিত গদ্যে বঙ্গানুবাদ করো :** ৪

It is very difficult to get rid of bad habits. So we should be very careful that we do not get into bad habits in our childhood. Idleness is one such bad habit. Every boy and girl should be diligent.

১০। **কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো :** ৫×১=৫

১০.১ নিজস্বী (সেলফি) তুলতে গিয়ে দুর্ঘটনা। — এই বিষয়টি নিয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১০.২ পথ নিরাপত্তা বিষয়ে সচেতনতা নিয়ে দুই বন্ধুর কাল্পনিক সংলাপ রচনা করো।

১১। **কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো :** ১০

১১.১ বিশ্ব উষ্ণায়ন

১১.২ মানব কল্যাণে বিজ্ঞান

১১.৩ ছাত্রজীবনে শিষ্টাচারের গুরুত্ব

১১.৪ একটি ভ্রমণের অভিজ্ঞতা

ANSWER KEY

১.১. (গ) চারটে পঁয়তাল্লিশ ১.২. (খ) একুশ ১.৩. (ক) দৃষ্টি ১.৪. (গ) শিশু-চাঁদের কর ১.৫. (ঘ) সমুদ্র কন্যা পদ্মা ১.৬. (ঘ) অর্জুন, ১.৭. (গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ১.৮. (গ) কালিদাস ১.৯. (গ) ব্রোঞ্জ-এর শলাকা ১.১০. (ঘ) অব্যয় ১.১১. (গ) বিভাজন ১.১২. (ঘ) নিমিত্ত সম্বন্ধ ১.১৩. (খ) উভয়পদের ১.১৪. (ক) সহযোগী ১.১৫. (খ) যোগ্যতা আকাঙ্ক্ষা আসত্তি ১.১৬. (ঘ) সরল বাক্যে ১.১৭. (খ) উপমিত

DOMSOLE S. U. HIGH SCHOOL
BENGALI

সময়ঃ ৩ ঘঃ ১৫ মিনিট পূর্ণমান-৯০

১। **সঠিক উত্তরটি বেছে লেখো ঃ** ১×১৭=১৭

১.১. তপন মামার বাড়ি এসেছে —
(ক) গরমের ছুটি উপলক্ষে (খ) বিয়েবাড়ি উপলক্ষে
(গ) পুজোর ছুটি উপলক্ষে (ঘ) গল্প প্রকাশ উপলক্ষে

১.২. "খুব হয়েছে হরি, এইবার সরে পড়ো। অন্যদিকে যাও।" — বক্তা হলেন —
(ক) ভবতোষ (খ) কাশীনাথ (গ) অনাদি (ঘ) গল্পকথক

১.৩. পান্নালাল প্যাটেল কোন ভাষার লেখক ছিলেন?
(ক) পাঞ্জাবি (খ) মারাঠি (গ) গুজরাটি (ঘ) হিন্দি

১.৪. কারা হাজার বছর ধরে ধ্যানে ডুবেছিলেন?
(ক) যুদ্ধ কবলিত মানুষ (খ) মন্দিরের পুরোহিত (গ) শান্ত হলুদ দেবতারা (ঘ) সৈনিকেরা

১.৫. "ক্ষুরের দাপট তারায় লেগে উল্কা ছুটায়" —
(ক) পাষাণ স্তূপে (খ) নীল খিলানে (গ) যজ্ঞ স্তূপে (ঘ) লাল খিলানে

১.৬. "ইন্দ্রজিতে জিতি তুমি, সতি" — এখানে 'সতি' বলতে কাকে বোঝানো হয়েছে?
(ক) লক্ষ্মী (খ) মন্দোদরী (গ) প্রমীলা (ঘ) চিত্রাঙ্গদা

১.৭. "সিজার যে কলমটি দিয়ে কাসকাকে আঘাত করেছিলেন" — তার পোষাকি নাম
(ক) স্টাইলাস (খ) রিজার্ভার (গ) পাইলট (ঘ) ঝরনা কলম

১.৮. চারখণ্ড রামায়ণ কপি করে একজন লেখক অষ্টাদশ শতকে কত টাকা পেয়েছিলেন?
(ক) সাত টাকা (খ) আট টাকা (গ) নয় টাকা (ঘ) দশ টাকা

১.৯. বাংলা ভাষায় বিজ্ঞান চর্চার একটি প্রধান বাধা হল —
(ক) বাংলা ভাষার প্রতি অনীহা। (খ) ইংরেজি ভাষার আকর্ষণ।
(গ) লেখকের অভাব। (ঘ) বাংলা ভাষায় পারিভাষিক শব্দের অভাব।

১.১০. 'কারক' শব্দটির ব্যুৎপত্তি হল —
(ক) কৃ+ণক্ (খ) কৃ+অ (গ) কৃ+বচ্ (ঘ) কৃ+ত

১.১১. নির্দেশকের একটি উদাহরণ হল —
(ক) এ (খ) কে (গ) টি (ঘ) তে

১.১২. যে বাক্য বা বাক্যাংশের দ্বারা সমাসবদ্ধ পদটির অর্থ বিশ্লেষণ করা হয় তা হল —
(ক) সমস্তপদ (খ) ব্যাসবাক্য (গ) সমস্যমান পদ (ঘ) পূর্বপদ

১.১৩. 'ডাকমাশুল' পদটি কোন সমাসের উদাহরণ?
(ক) কর্ম তৎপুরুষ (খ) করণ তৎপুরুষ (গ) অপাদান তৎপুরুষ (ঘ) নিমিত্ত তৎপুরুষ

১.১৪. একাধিক স্বাধীন খণ্ডবাক্য সংযোজক অব্যয় দ্বারা যুক্ত হয়ে যে বাক্য গঠন করে, তা হল —
(ক) সরল বাক্য (খ) জটিল বাক্য (গ) মিশ্র বাক্য (ঘ) যৌগিক বাক্য

১.১৫. "আহা কী আনন্দ আকাশে বাতাসে!" — এটি একটি
(ক) সন্দেহবাচক বাক্য (খ) ইচ্ছাসূচক বাক্য (গ) আবেগসূচক বাক্য (ঘ) প্রার্থনাসূচক বাক্য।

১.১৬. বাচ্য কয় প্রকার?
(ক) দুই (খ) তিন (গ) চার (ঘ) পাঁচ।

১.১৭. ভাববাচ্যে কর্তাটি হল —
(ক) সাধন কর্তা (খ) উক্ত কর্তা (গ) নিরপেক্ষ কর্তা (ঘ) অনুক্ত কর্তা।

২। **কম-বেশি ২০টি শব্দের মধ্যে উত্তর দাও ঃ** ১×১৯=১৯

২.১। **যে-কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও ঃ** ১×৪

২.১.১. "সূচিপত্রেও নাম রয়েছে" — সূচিপত্রে কী লেখা ছিল?

২.১.২. "নদেরচাঁদের ভারি আমোদ হইতে লাগিল।"— নদেরচাঁদের আমোদের কারণ কী?

২.১.৩. "চমকে উঠলেন জগদীশবাবু।" — জগদীশবাবুর চমকে ওঠার কারণ কী?
২.১.৪. "কী খাঁটি কথা" — 'খাঁটি কথা'টি কী?
২.১.৫. "ইহা যে কত বড় ভ্রম, তাহা কয়েকটা স্টেশন পরেই সে অনুভব করিল।" — 'ভ্রম'টি কী ছিল?

২.২। যে-কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪

২.২.১. 'প্রলয়োল্লাস' কবিতায় 'শিশু চাঁদ' বলতে কী বোঝানো হয়েছে?
২.২.২. "মধ্যেতে যে কন্যাখানি" — মধ্যেখানের কন্যাটি কে?
২.২.৩. "হায় ছায়াবৃতা" — আফ্রিকাকে 'ছায়াবৃতা' বলার কারণ কী?
২.২.৪. "তারপর যুদ্ধ এল" — যুদ্ধ কীভাবে এসেছিল?
২.২.৫. "এ কলঙ্ক পিতঃ ঘুষিবে জগতে" — এখানে কোন কলঙ্কের কথা বলা হয়েছে?

২.৩। যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৩

২.৩.১. "অনেক ধরে ধরে টাইপ রাইটারে লিখে গেছেন, মাত্র একজন" — এখানে কার কথা বলা হয়েছে?
২.৩.২. "তখন বৈজ্ঞানিক রচনা সুসাধ্য হবে।" — কখন বৈজ্ঞানিক রচনা সুসাধ্য হবে বলে লেখক মনে করেন?
২.৩.৩. "আশ্চর্য, সবই আজ অবলুপ্তির পথে" — এখানে কোন বিষয়ের কথা বলা হয়েছে?
২.৩.৪. ছেলেবেলায় রাজশেখর বসু কার লেখা জ্যামিতি বই পড়তেন?

২.৪। যে-কোনো ৮টি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৮

২.৪.১. উদ্দেশ্য কর্মের একটি উদাহরণ দাও।
২.৪.২. "মা শিশুকে চাঁদ দেখাচ্ছেন।" — নিম্নরেখ পদটির কারক বিভক্তি নির্ণয় করো।
২.৪.৩. 'ব্যতিহার বহুব্রীহি' সমাস কাকে বলে?
২.৪.৪. 'জলজ' পদটির ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো।
২.৪.৫. বাক্য গঠনের তিনটি শর্ত কী কী?
২.৪.৬. 'দুষ্টুমি না থামালে খেলনা পাবে না।' — জটিল বাক্যে রূপান্তরিত করো।
২.৪.৭. কর্মকর্তৃবাচ্যের একটি উদাহরণ দাও।
২.৪.৮. 'আমার সঙ্গে এসো।' — ভাববাচ্যে রূপান্তরিত করো।
২.৪.৯. কোন সমাসে পূর্বপদের অর্থ প্রাধান্য পায়?
২.৪.১০. 'এখন গেলে কি আর তার দেখা পাবে?" — নির্দেশক বাক্যে রূপান্তরিত করো।

৩। প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০টি শব্দের মধ্যে উত্তর লেখো ঃ ৩×২=৬

৩.১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৩×১=৩

৩.১.১. "নদীর বিদ্রোহের কারণ সে বুঝিতে পারিয়াছে।"— কে বুঝতে পেরেছে? নদীর বিদ্রোহ বলতে সে কী বোঝাতে চেয়েছে? ১+২
৩.১.২. "পরকে সেজে দি নিজে খাইনে। মিথ্যেবাদী কোথাকার!" — বক্তা কে? বক্তা উদ্দিষ্ট ব্যক্তিকে মিথ্যেবাদী বলেছেন কেন? ১+২

৩.২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৩×১=৩

৩.২.১. "আসছে নবীন" — 'নবীন'-এর পরিচয় দাও। তার আগমনের তাৎপর্য ব্যাখ্যা করো। ১+২
৩.২.২. "অতি মনোহর দেশ" — 'মনোহর দেশ'টির পরিচয় দাও। ৩

৪। কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

৪.১. "নতুন মেসোকে দেখে জ্ঞানচক্ষু খুলে গেল তপনের"— কোন ঘটনায় কীভাবে তপনের জ্ঞানচক্ষু খুলে গেল গল্প অবলম্বনে আলোচনা করো। ২+৩
৪.২. "অদৃষ্ট কখনও হরিদার এই ভুল ক্ষমা করবে না।" — হরিদা কী ভুল করেছিলেন? তিনি কেন এই ভুল করেছিলেন বলে তোমার মনে হয়? ২+৩

৫। কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

৫.১. "সেই মেয়েটির মৃত্যু হল না।"— কোন মেয়েটির কথা বলা হয়েছে? তার মৃত্যু না হওয়ার মধ্য দিয়ে বক্তা কী বোঝাতে চেয়েছেন? ১+৪
৫.২. "অস্ত্র ফ্যালো, অস্ত্র রাখো গানের দু'টি পায়ে।" — কার উদ্দেশ্যে কবির এই আবেদন? এই বক্তব্যের মধ্যে দিয়ে কবি কীভাবে অস্ত্রের বিরুদ্ধে গানকে প্রতিষ্ঠা করেছেন আলোচনা করো। ১+৪

৬। **কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৫×১=৫

৬.১. "কালগুণে বুঝিবা আজ আমরাও তাই।"— 'কালগুণে' কথাটির অর্থ বুঝিয়ে দাও। বক্তব্যটির সাহায্যে লেখক কী বোঝাতে চেয়েছেন সংক্ষেপে লেখো। ১+৪

৬.২. "আমাদের আলংকারিকগণ শব্দের ত্রিবিধ কথা বলেছেন।"— এগুলি কী কী? উদাহরণ সহযোগে 'ত্রিবিধ কথা'-গুলি আলোচনা করো। ১+৪

৭। **কম-বেশি ১২৫টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৪×১

৭.১. "আমার রাজ্য নাই, তাই আমার কাছে রাজনীতিও নাই — আছে শুধু প্রতিহিংসা।"— কে, কাকে একথা বলেছে? বক্তার প্রতিহিংসার কারণ কী? ২+২

৭.২. "এইবার হয়তো শেষ যুদ্ধ।"— কোন যুদ্ধের কথা বলা হয়েছে? বক্তা একে 'শেষ যুদ্ধ' বলেছেন কেন? ১+৩

৮। **কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৫×২

৮.১. ক্ষিতীশ সিংহ কোনিকে সাঁতারে চ্যাম্পিয়ন করার জন্য যে কঠোর অনুশীলনের ব্যবস্থা করেছিলেন, তার পরিচয় দাও। ৫

৮.২. "কম্পিটিশনে পড়লে মেয়েটা তো আমার পা ধোয়া জল খাবে।"— কে কোন প্রসঙ্গে এই উক্তি করেছে? এই উক্তিতে বক্তার চরিত্রের কোন দিকটি ফুটে উঠেছে? ২+৩

৮.৩. "তখনই লীলাবতী হস্তক্ষেপ করে।"— লীলাবতী কোথায় কেন হস্তক্ষেপ করেছিল? তার হস্তক্ষেপের পর কী পরিবর্তন হয়েছিল সংক্ষেপে লেখো। ২+৩

৯। **চলিত গদ্যে বঙ্গানুবাদ করো ঃ** ৪

Words have a lot of power. They can help or hurt, bless or curse. Unkind words do a lot of harm, kind words do a lot of good. We can spoil a friend's happiness by an unkind word, but cheer up a sad heart with a kind word, which costs nothing.

১০। **কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৫×১

১০.১. পথ নিরাপত্তা বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২. "শব্দদূষণে জেরবার মানুষ" — এ বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১১। **কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো ঃ** ১০

১১.১. বিশ্ব উষ্ণায়ন ১১.২. সাহিত্য পাঠের উপযোগিতা

১১.৩. বিজ্ঞান আশীর্বাদ না অভিশাপ ১১.৪. বাংলার উৎসব

ANSWER KEY

১.১ (খ) বিয়েবাড়ি উপলক্ষে ১.২ (খ) কাশীনাথ ১.৩ (গ) গুজরাটি ১.৪ (গ) শান্ত হলুদ দেবতারা ১.৫ (খ) নীল খিলানে ১.৬ (গ) প্রমীলা ১.৭ (ক) স্টাইলাস ১.৮ (ক) সাত টাকা ১.৯ (ঘ) বাংলা ভাষায় পারিভাষিক শব্দের অভাব ১.১০ (ক) কৃ+ণক্ ১.১১ (গ) টি ১.১২ (খ) ব্যাসবাক্য ১.১৩ (ঘ) নিমিত্ত তৎপুরুষ ১.১৪ (ঘ) যৌগিক বাক্য ১.১৫ (গ) আবেগসূচক বাক্য ১.১৬ (গ) চার প্রকার ১.১৭ (ক) অনুক্ত কর্তা

বেথুন কলেজিয়েট স্কুল
BENGALI

সময়ঃ ৩ ঘঃ ১৫ মিনিট পূর্ণমান-৯০

১। **সঠিক উত্তরটি বেছে লেখো ঃ** ১×১৭=১৭

১.১ কুস্তি লড়তে ইতস্তত করেছিল —

(ক) ইসাব (খ) কালিয়া (গ) অমৃত (ঘ) সুবোধ

১.২ "নদীকে এভাবে ভালবাসার একটি — দিতে পারে নদেরচাঁদ।" —

(ক) কারণ (খ) যুক্তি (গ) ব্যাখ্যা (ঘ) কৈফিয়ৎ

১.৩ ছোটমাসি তপনের থেকে ক'বছরের বড় ছিলেন?

(ক) বছর আষ্টেকের (খ) বছর দুয়েকের (গ) বছর পাঁচেকের (ঘ) বছর তিনেকের

১.৪ 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতাটি যে কাব্যগ্রন্থের অন্তর্গত?
(ক) পাগলী তোমার সঙ্গে (খ) বজ্রবিদ্যুৎ ভর্তি খাতা
(গ) পাতার পোশাক (ঘ) ভুতুম ভগবান

১.৫ "তথা কন্যা থাকে সর্বক্ষণ" – কন্যা ছিলেন –
(ক) সিন্ধুতীরে (খ) সমুদ্র মাঝারে (গ) মাঞ্জসে (ঘ) বিচিত্র টঙ্গিতে

১.৬ আমাদের বাঁয়ে —
(ক) হিমানী বাঁধ (খ) গিরিখাদ (গ) শিশুদের শব (ঘ) ধ্বস

১.৭ "এই নেশা পেয়েছি আমি শরৎদার কাছ থেকে।" —উক্তিটির বক্তা হলেন —
(ক) সত্যজিৎ রায় (খ) সুভাষ মুখোপাধ্যায় (গ) অন্নদাশংকর রায় (ঘ) শৈলজানন্দ মুখোপাধ্যায়

১.৮ রাজশেখর বসুর ছদ্মনাম হল —
(ক) পরশুরাম (খ) শ্রীপান্থ (গ) বনফুল (ঘ) কুন্তক

১.৯ অরণ্যে রোদন বললে ব্যঞ্জনার অর্থ হয় —
(ক) জঙ্গলে কান্না (খ) নিষ্ফল খেদ (গ) অল্পবিদ্যা ভয়ংকরী (ঘ) অনিষ্টকর

১.১০ উৎসবের বাজনা বাজছে। চিহ্নিত পদটি —
(ক) সহযোগী কর্তা (খ) সমধাতুজ কর্ম (গ) বাক্যাংশ কর্তা (ঘ) সমধাতুজ কর্তা

১.১১ অনুসর্গ একপ্রকার —
(ক) বিশেষ্য (খ) বিশেষণ (গ) অব্যয় (ঘ) সর্বনাম

১.১২ কর্মবাচ্যের কর্তাকে বলে —
(ক) অনুক্ত কর্তা (খ) নিরপেক্ষ কর্তা (গ) প্রযোজক কর্তা (ঘ) প্রযোজ্য কর্তা

১.১৩ 'রাম ও রহিম একই স্কুলে পড়ে।' — এটি একটি —
(ক) যৌগিক বাক্য (খ) সরল বাক্য (গ) উপবাক্য (ঘ) জটিল বাক্য

১.১৪ যে সমাসে পূর্বপদের বিভক্তি লোপ পায় না —
(ক) অলোপ সমাস (খ) নিত্য সমাস (গ) অব্যয়ীভাব সমাস (ঘ) একশেষ দ্বন্দ্ব সমাস

১.১৫ গঙ্গার জলে গঙ্গা পুজো — নিম্নরেখ চিহ্নিত অংশটি কী ধরনের সম্বন্ধের দৃষ্টান্ত?
(ক) হেতু সম্বন্ধ (খ) ক্রম সম্বন্ধ (গ) আধার-আধেয় সম্বন্ধ (ঘ) আধেয়-আধার সম্বন্ধ

১.১৬ 'আমি এখন তবে চললুম কাকাবাবু।' — উদ্ধৃত বাক্যে যে সমাসের দৃষ্টান্ত আছে —
(ক) তৎপুরুষ (খ) কর্মধারয় (গ) দ্বন্দ্ব (ঘ) বহুব্রীহি

১.১৭ ছাত্রীরা রচনা লিখছে। — কর্মবাচ্যে রূপান্তর করলে হয় —
(ক) ছাত্রীদের রচনা লেখা হোক (খ) রচনা লিখছে ছাত্রীরা
(গ) যারা ছাত্রী তারা রচনা লিখছে (ঘ) ছাত্রীদের দ্বারা রচনা লেখা হচ্ছে।

২। কম-বেশি ২০টি শব্দের মধ্যে উত্তর দাও ঃ ১×১৯=১৯

২.১। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪

২.১.১ "ক্রমশ ও কথাটাও ছড়িয়ে পড়ে।"— কথাটি কী?
২.১.২ "চমকে ওঠে ভবতোষ।"— চমকে ওঠার কারণ কী?
২.১.৩ "আমারও অনুমান কতটা তাই।" — কোন বিষয়ে এই অনুমান?
২.১.৪ "চিঠি পকেটেই ছিল।" — কোন চিঠির কথা বলা হয়েছে?
২.১.৫ "আবেগভরা গলায় হাসান" — কী বলেছিলেন?

২.২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪=৪

২.২.১ 'অদ্ভুত বারতা' টি কী?
২.২.২ "এল ওরা লোহার হাতকড়ি নিয়ে" — কারা এসেছিল?
২.২.৩ 'অসুখী একজন' কবিতাটির কবি এবং তরজমাকারের নাম লেখো।
২.২.৪ "এবার মহানিশার শেষে" — কী ঘটবে?
২.২.৫ 'বেথানিত' এবং 'মাঞ্জস' — শব্দদুটির অর্থ লেখো।

২.৩। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৩=৩

২.৩.১ 'হারিয়ে যাওয়া কালি কলম'-এ বর্ণিত সবচেয়ে দামি কলমটির দাম কত?

২.৩.২ "দার্শনিক তাঁকেই বলি" — কাকে?

২.৩.৩ "তাঁদের উদ্‌যোগের এই ত্রুটি ছিল।"— কোন ত্রুটির কথা বলা হয়েছে?

২.৩.৪ আলংকারিকগণের মতানুযায়ী শব্দের ত্রিবিধ কথাগুলি কী কী?

২.৪। যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৮=৮

২.৪.১ উপসর্গের অপর নাম কী ?

২.৪.২ বিভক্তিপ্রধান অকারক কোনটি ?

২.৪.৩ 'বহুরূপী' শব্দটির ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো।

২.৪.৪ (দৃষ্টান্ত সহ) একটি বর্ণনামূলক সমাসের নাম লেখো।

২.৪.৫ সংখ্যাবাচক বহুব্রীহির সঙ্গে সমাহার দ্বিগুর একটি পার্থক্য লেখো।

২.৪.৬ রক্ত গায়ে গানের শুধু মুছি। — বাক্য নির্মাণের কোন শর্তটি লঙ্ঘিত হয়েছে ?

২.৪.৭ "এসো যুগান্তের কবি।" — জটিল বাক্যে রূপান্তরিত করো।

২.৪.৮ কর্মকর্তৃবাচ্য কী ?

২.৪.৯ 'তিনি নাকি বই লেখেন।' — ভাববাচ্যে রূপান্তর করো।

২.৪.১০ বাচ্যের মূলকথা কী?

৩। প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০টি শব্দের মধ্যে উত্তর লেখো ঃ ৩+৩= ৬

৩.১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৩×১=৩

৩.১.১ "নদীর বিদ্রোহের কারণ সে বুঝিতে পারিয়াছে" — কে, কীভাবে তা বুঝেছিল? ১+২

৩.১.২ "এমন তো নিত্য নিয়তই ঘটছে" — কোন ঘটনার কথা বলা হয়েছে ? এ প্রসঙ্গে বক্তার মনোভাব ব্যক্ত করো। ১+২

৩.২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৩×১=৩

৩.২.১ "উদ্ভ্রান্ত সেই আদিম যুগে" — আদিম যুগ 'উদ্ভ্রান্ত' কেন? ৩

৩.২.২ "তারপর যুদ্ধ এল"— 'তারপর' কথাটি কোন কথার পর ব্যবহার করেছেন কবি? যুদ্ধটির প্রকৃতি কবিতানুসারে বিবৃত করো। ১+২

৪। কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

৪.১ "তপনেরই বা লেখক হতে বাধা কী" — তপনের এমন ভাবনার কারণ কী? এরজন্য সে কী চেষ্টা করেছিল? তার স্বপ্নপূরণের পথে প্রতিবন্ধকতাটি কী ছিল? ২+১+২

৪.২ "জগদীশবাবুর দুই বিস্মিত চোখ অপলক হয়ে গেল।" — জগদীশবাবুর এই অভিব্যক্তির কারণ কী? পাঠ্যাংশ অনুসারে এর পরবর্তী ঘটনাটি লেখো। ২+৩

৫। কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

৫.১ 'প্রলয়োল্লাস' কবিতায় প্রলয় কীভাবে উল্লাসের কারণ হয়ে উঠেছে কবিতা অবলম্বনে নিজের ভাষায় লেখো।৫

৫.২ "অস্ত্র রাখো, অস্ত্র ফ্যালো পায়ে" — এমন আবেদনের কারণ কী? কবিতা অনুসারে কবির মনোভাব ব্যক্ত করো। ২+৩=৫

৬। কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১

৬.১ "তাঁরা হয়তো বুঝবেন কলমের সঙ্গে আমাদের কী সম্পর্ক?" — কারা বুঝবেন ? বক্তার সঙ্গে কলমের প্রাথমিক পরিচিতি পর্বটি লেখো। ১+৪

৬.২ বাংলা ভাষায় বিজ্ঞান আলোচনার রচনাপদ্ধতির ত্রুটিগুলি প্রাবন্ধিকের অনুসরণে আলোচনা করো। ৫

৭। কম-বেশি ১২৫টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৪×১=৪

৭.১ "I Know we shall never meet!" — কে, কাকে বলেছেন? তাদের মধ্যে সাক্ষাৎ না হওয়ার কারণ কী? এই উক্তির মধ্য দিয়ে বক্তার কোন মনোভাব প্রকাশিত? ১+২+১

৭.২ "তোমাদের আমি ক্ষমা করব!" — বক্তা কে? তিনি কাদের উদ্দেশ্যে একথা বলেছেন? উক্তিটির প্রসঙ্গ বিবৃত করো। ১+১+২

৮। **কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৫×২

৮.১ "এই দ্বিতীয়বার সে ওকে দেখল" — কে, কাকে দ্বিতীয়বার দেখল? দ্বিতীয়বারের দেখার অভিজ্ঞতাটি পাঠ্য উপন্যাস অনুসারে বিবৃত করো। ১+৪

৮.২ "জোচ্চুরি করে আমাকে বসিয়ে রেখে এখন ঠেকায় পড়ে এসেছ আমার কাছে" — বক্তার এই অভিমানের কারণ কী? এর পরবর্তী ঘটনা সংক্ষেপে লেখো। ২+৩

৮.৩ 'কোনি' উপন্যাসে বর্ণিত ক্লাবদুটির নাম কী? এই ক্লাবদুটির পারস্পরিক প্রতিযোগিতাই 'কোনি' উপন্যাসের ভরকেন্দ্র — আলোচনা করো। ১+৪

৯। **চলিত গদ্যে বঙ্গানুবাদ করো ঃ** ৪

The teachers are regarded as the backbone of the society. They build the future citizens of country. They love students as their children. The teachers always encourage and inspire as to be good and great in life.

১০। **কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৫×১

১০.১ 'পথ দুর্ঘটনা প্রতিরোধে আমাদের দায়িত্ব' — এই বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২ 'পলিথিনের ব্যবহার বাড়াচ্ছে দূষণ' — এ বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১১। **কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয় অবলম্বনে একটি প্রবন্ধ রচনা করো ঃ** ১০

১১.১ কুসংস্কার প্রতিরোধে বিজ্ঞান ১১.২ বন্যেরা বনে সুন্দর

১১.৩ বাঙালির উৎসব ১১.৪ স্কুলের টিফিনবেলা

ANSWER KEY

১.১ (গ) অমৃত ১.২ (ঘ) কৈফিয়ৎ ১.৩ (ক) বছর আষ্টেকের ১.৪ (গ) পাতার পোশাক ১.৫ (খ) বিচিত্র টঙ্গিতে ১.৬ (খ) গিরিখাদ ১.৭ (ঘ) শৈলজানন্দ মুখোপাধ্যায় ১.৮ (ক) পরশুরাম ১.৯ (খ) নিষ্ফল খেদ ১.১০ (ঘ) সমধাতুজ কর্তা ১.১১ (গ) অব্যয় ১.১২ (ক) অনুক্ত কর্তা ১.১৩ (খ) সরলবাক্য ১.১৪ (ক) অলোপ সমাস ১.১৫ (গ) আধার আধেয় সম্বন্ধ ১.১৬ (খ) কর্মধারয় ১.১৭ (ঘ) ছাত্রীদের দ্বারা রচনা লেখা হচ্ছে।

JODHPUR PARK BOYS' SCHOOL
BENGALI

সময় ঃ ৩ ঘঃ ১৫ মিঃ পূর্ণমান-৯০

১। **সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ** ১×১৭=১৭

১.১. ছোটমাসি তপনের থেকে বড় ছিলেন—
ক) বছর পাঁচেকের খ) বছর সাতেকের গ) বছর আটেকের ঘ) বছর দশেকের

১.২. গিরীশ মহাপাত্রের বয়স—
ক) চল্লিশ-বিয়াল্লিশ খ) পঞ্চাশ-বাহান্ন গ) ষাটের কাছাকাছি ঘ) ত্রিশ-বত্রিশের বেশি নয়

১.৩. চকের বাসস্ট্যান্ডে যে বাস-ড্রাইভার হরিদাকে ধমক দিয়েছিল তার নাম—
ক) দয়াল খ) অনাদি গ) কাশীনাথ ঘ) কালীনাথ

১.৪. "..... আর স্বপ্ন দেখতে পারল না।" — যারা স্বপ্ন দেখতে পারল না—
ক) অপেক্ষারত মেয়েটি খ) গির্জার নান গ) শান্ত হলুদ দেবতারা ঘ) কবিতার কথক

১.৫. শঙ্খ ঘোষের 'আয় আরো বেঁধে বেঁধে থাকি' কবিতাটির মূল কাব্যগ্রন্থ—
ক) বাবরের প্রার্থনা খ) পাঁজরে দাঁড়ের শব্দ গ) মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে ঘ) জলই পাষাণ হয়ে আছে

১.৬. "..... রক্ত তড়িৎ চাবুক হানে"—
ক) মহাকাল খ) মহাকাল-সারথি গ) শিশু-চাঁদ ঘ) নবীন

১.৭. আদিতে ফাউন্টেন পেনের নাম ছিল—
ক) পাইলট পেন খ) রিজার্ভার পেন গ) ঝর্ণা কলম ঘ) পার্কার পেন

১.৮. উনিশ শতকে বত্রিশ হাজার অক্ষর লেখানো হত—
ক) বারো আনায় খ) পনেরো আনায় গ) ষোলো আনায় ঘ) আঠেরো আনায়

১.৯. প্রথম শ্রেণির পাঠকরা যে কতিপয় ইংরাজি শব্দ জানে তার একটি হল—
ক) আয়োডিন খ) নাইট্রোজেন গ) এঞ্জিন ঘ) অক্সিজেন

১.১০. বিভক্তি শব্দের অর্থ—
ক) ভক্তিপূর্ণ খ) জোড়া গ) বিশ্লেষণ ঘ) বিভাজন

১.১১. 'সেয়ানে সেয়ানে কোলাকুলি হচ্ছে।' — এই বাক্যের কর্তা হলো—
ক) প্রযোজক খ) অনুক্ত গ) সহযোগী ঘ) ব্যতিহার

১.১২. 'ভাষাহীন' শব্দটি যে সমাসের উদাহরণ —
ক) না বহুব্রীহি খ) করণ তৎপুরুষ গ) না তৎপুরুষ ঘ) অপাদান তৎপুরুষ

১.১৩. "কিছু উপদেশ শুনিয়ে যান, বিরাগীজি .....।" — এই বাক্যটি যে ধরনের বাক্য—
ক) অনুজ্ঞাসূচক খ) নির্দেশক গ) বিস্ময়সূচক ঘ) প্রার্থনাসূচক

১.১৪. 'শরানল' এই সমাসবদ্ধ পদটির ব্যাসবাক্য—
ক) শরের অনল খ) শর নিঃসৃত অনল গ) শর ও অনল ঘ) শর থেকে অনল

১.১৫. বিভক্তিপ্রধান সমাস—
ক) বহুব্রীহি সমাস খ) তৎপুরুষ সমাস গ) অব্যয়ীভাব সমাস ঘ) নিত্য সমাস

১.১৬. "..... ব্যগ্রপদে সম্মুখের দিকে অগ্রসর হইয়া গেল।"— চিহ্নিত পদটি যে কারকের উদাহরণ —
ক) অধিকরণ খ) অপাদান গ) নিমিত্ত ঘ) করণ

১.১৭. ক্রিয়ার অর্থ প্রাধান্য পায়—
ক) কর্তৃবাচ্যে খ) কর্মবাচ্যে গ) ভাববাচ্যে ঘ) কর্মকর্তৃবাচ্যে

২। কম-বেশি ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও ঃ ১×১৯=১৯

২.১. যে-কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪=৪

২.১.১. "গায়ে কাঁটা দিয়ে উঠল তপনের" — তপনের এই অবস্থার কারণ কী ছিল?
২.১.২. "আমার অপরাধ হয়েছে।" — বক্তা কখন একথা বলেছেন?
২.১.৩. "কীরূপ সদাশয় ব্যক্তি ইনি" — 'সদাশয় ব্যক্তি' বলার কারণ কী?
২.১.৪. নদীর প্রতি নিজের পাগলামিতে নদেরচাঁদের অনুভূতি কেমন ছিল ?
২.১.৫. 'এতে ওদের দুজনেরই ভয় কেটে গেল।' — ভয় কেটে যাওয়ার পরে অমৃত ও ইসাব কী করেছিল?

২.২. যে-কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪=৪

২.২.১. "ছড়ানো রয়েছে কাছে দূরে ....." — কী ছড়িয়ে থাকার কথা বলা হয়েছে?
২.২.২. 'অশুভ ধ্বনি' তে কী হয়েছিল?
২.২.৩. "যাও তুমি ত্বরা করি" — কোন উদ্দেশ্যে এই যেতে বলা হয়েছিল?
২.২.৪. "আসছে নবীন" — কেন নবীনের আগমন ঘটছে?
২.২.৫. "মধ্যেতে যে কন্যাখানি ....." — এই কন্যাকে দেখে পদ্মার কী মনে হয়েছিল?

২.৩. যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৩=৩

২.৩.১. শৈলজানন্দ তাঁর ফাউন্টেন পেনের সংগ্রহ বিষয়ে প্রাবন্ধিককে কী বলেছিলেন?
২.৩.২. কোন ছবিতে 'দোয়াতে গোঁজা পালকের কলম' দেখা যায়?
২.৩.৩. "তাতে অনেকে মুশকিলে পড়েছেন" — কীসে অনেকে মুশকিলে পড়েছেন?
২.৩.৪. "..... বৈজ্ঞানিক সাহিত্যে যত কম থাকে ততই ভালো" — কী কম থাকার কথা বলা হয়েছে?

২.৪. যে-কোনো ৮টি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৮=৮

২.৪.১. অক্ষুণ্ণ কর্ম বলতে কী বোঝ?
২.৪.২. ব্যাসবাক্যের অন্য নাম লেখো।
২.৪.৩. 'ভয়ংকর' শব্দের ব্যাসবাক্য লেখো।
২.৪.৪. "পত্রের বিষয় ত আমি অবগত নই জাঁহাপনা।" — চিহ্নিত শব্দটির কারক-বিভক্তি নির্ণয় করো।
২.৪.৫. "কে কবে শুনেছে, পুত্র, ভাসে শিলা জলে?" (না-বাক্যে রূপান্তর করো)
২.৪.৬. "রামদাস চুপ করিয়া রহিল, কিন্তু তাহার দুই চোখ ছলছল করিয়া আসিল।" (সরল বাক্যে রূপান্তর করো)
২.৪.৭. কর্মকর্তৃবাচ্যের একটি উদাহরণ দাও।

২.৪.৮. "তথা কন্যা থাকে সর্বক্ষণ।" (ভাববাচ্যে রূপান্তর করো)

২.৪.৯. 'চিরচিহ্ন' এই সমাসবদ্ধ পদটি কোন সমাসের উদাহরণ?

২.৪.১০. আসক্তির একটি উদাহরণ দাও।

৩। প্রসঙ্গ নির্দেশ করে কম-বেশি ৬০টি শব্দে উত্তর দাও ঃ ৩+৩=৬

৩.১. যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাও ঃ ৩×১=৩

৩.১.১. "আজকের মত নির্বোধ আহম্মক হতে বোধ করি কেউ কখনো দেখেনি।" — কার সম্পর্কে কেন একথা বলা হয়েছে? ১+২=৩

৩.১.২. "..... নদেরচাঁদ স্তম্ভিত হয়ে গেল।" — কখন এবং কেন নদেরচাঁদ স্তম্ভিত হয়ে গেল? ১+২=৩

৩.২. যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাও ঃ ৩×১=৩

৩.২.১. "অথবা এমনই ইতিহাস" — কাদের কোন ইতিহাসের কথা বলা হয়েছে? ১+২=৩

৩.২.২. "এল মানুষ ধরার দল", — কাদের কেন 'মানুষধরার দল' বলা হয়েছে? ১+২=৩

৪। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

৪.১. "পরম সুখ কাকে বলে জানেন?"— বক্তার মতে 'পরম সুখ' কী? তিনি নিজের জীবনে কীভাবে এর প্রকাশ ঘটিয়েছেন? ১+৪=৫

৪.২. "আজ যেন তার জীবনের সবচেয়ে দুঃখের দিন।" — কার কথা বলা হয়েছে? কেন তার একথা মনে হয়েছে? ১+৪=৫

৫। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

৫.১. "তারপর যুদ্ধ এল" — কখন যুদ্ধ এল? এই যুদ্ধের যে বর্ণনা কবি দিয়েছেন তা নিজের ভাষায় বর্ণনা করো। ১+৪=৫

৫.২. "পঞ্চকন্যা পাইল চেতন।" — 'পঞ্চকন্যা' বলতে কাদের কথা বলা হয়েছে? তারা কীভাবে চেতনা ফিরে পেয়েছিল? ১+৪=৫

৬। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

৬.১. "আমরা কালিও তৈরি করতাম নিজেরাই।" — প্রাবন্ধিককে অনুসরণ করে তাদের কালি তৈরির পদ্ধতি নিজের ভাষায় বর্ণনা করো। ৫

৬.২. 'বাংলা ভাষায় বিজ্ঞান' প্রবন্ধে পরিভাষা বিষয়ে লেখকের যে ভাবনা ও মতামত প্রকাশিত হয়েছে তা নিজের ভাষায় লেখো। ৫

৭। কম-বেশি ১২৫ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাও ঃ ৪×১=৪

৭.১. "আমার এই অক্ষমতার জন্যে তোমরা আমাকে ক্ষমা করো।"— কে, কাকে উদ্দেশ্য করে এবং কোন প্রসঙ্গে এই মন্তব্যটি করেছেন? ১+১+২=৪

৭.২. "মনে হয়, ওর নিঃশ্বাসে বিষ, ওর দৃষ্টিতে আগুন, ওর অঙ্গ-সঞ্চালনে ভূমিকম্প।" — কে কার সম্পর্কে এবং কেন এই মন্তব্যটি করেছেন? ১+১+২=৪

৮। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

৮.১. "টেবিলের মুখগুলি উজ্জ্বল হয়ে উঠল।" — কাদের কথা বলা হয়েছে? মুখগুলি উজ্জ্বল হয়ে ওঠার কারণ কী? ১+৪=৫

৮.২. "ক্ষিতীশ কথাটা বলেই মনে মনে ব্যথিত হল।" — ক্ষিতীশ কী বলেছিল? তার এই প্রতিক্রিয়ার কারণ কী? ১+৪=৫

৮.৩. "অবশেষে কোনি বাংলা সাঁতার দলে জায়গা পেল।" — কোনি কীভাবে বাংলা দলে জায়গা পেয়েছিল সংক্ষেপে লেখ। ৫

৯। চলিত গদ্যে বঙ্গানুবাদ কর ঃ ৪

Student life is the stage of preparation for the future. This is the most important period of life. A student is young today. But he will be a man tomorrow.

১০। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

১০.১. তোমার এলাকার একটি সাংস্কৃতিক অনুষ্ঠান বিষয়ে প্রতিবেদন রচনা করো।

১০.২. বাংলা ভাষা বাঙালির গর্বের বিষয় — এই নিয়ে দুই বন্ধুর মধ্যে একটি সংলাপ রচনা করো।

১১। কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো ১টি বিষয়ে প্রবন্ধ রচনা করো ঃ ১০

১১.১. পরিবেশ রক্ষায় ছাত্রসমাজের ভূমিকা ১১.২. বাংলার উৎসব

১১.৩. সমাজজীবনে মেলার প্রয়োজনীয়তা ১১.৪. পাহাড়ে ভ্রমণের একটি অভিজ্ঞতা

ANSWER KEY

১.১. গ) বছর আটেকের ১.২. ঘ) ত্রিশ-বত্রিশের বেশি নয় ১.৩. গ) কাশীনাথ ১.৪. গ) শান্ত হলুদ দেবতারা
১.৫. ঘ) জলই পাষাণ হয়ে আছে ১.৬. খ) মহাকাল-সারথি ১.৭. খ) রিজার্ভার পেন ১.৮. ক) বারো আনায়
১.৯. ক) আয়োডিন ১.১০. ঘ) বিভাজন ১.১১. ঘ) ব্যতিহার ১.১২. খ) করণ তৎপুরুষ ১.১৩. ঘ) প্রার্থনাসূচক
১.১৪. খ) শর নিঃসৃত অনল ১.১৫. খ) তৎপুরুষ সমাস ১.১৬. ঘ) করণ ১.১৭. গ) ভাববাচ্যে

টাকি সরকারি উচ্চ বিদ্যালয়
BENGALI

সময়ঃ ৩ ঘঃ ১৫ মিনিট পূর্ণমান-৯০

১। সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো ঃ ১×১৭=১৭

১.১ জগদীশবাবুর বাড়িতে সন্ন্যাসী ছিলেন—
(ক) পাঁচদিন (খ) তিনদিন (গ) সাতদিন (ঘ) একদিন

১.২ "এসো, আমরা কুস্তি লড়ি" — উক্তিটি করেছে
(ক) অমৃত (খ) ইসাব (গ) কালিয়া (ঘ) ছেলে ছোকরার দল

১.৩ "ইচ্ছা করিলে আমি তোমাকে টানিয়া নীচে নামাইতে পারি" — উক্তিটির বক্তা হলেন—
(ক) নদেরচাঁদ (খ) অপূর্ব (গ) পুলিশ ইন্সপেক্টর (ঘ) হরিদা

১.৪ পশ্চিম দিগন্তপানে ঝড় এসেছিল —
(ক) প্রভাতকালে (খ) প্রদোষকালে (গ) দ্বিপ্রহরে (ঘ) গোধূলিবেলায়

১.৫ মিষ্টিবাড়ির ঝুলন্ত বিছানায় ঘুমিয়েছিল—
(ক) কবি (খ) মেয়েটি (গ) দেবতারা (ঘ) বন্ধুটি

১.৬ "চিত্রের পোতলি সমা নিপতিত মনোরমা" — 'চিত্রের পোতলি সমা' ছিলেন —
(ক) পদ্মাবতী (খ) সমুদ্রকন্যা (গ) নাগমতী (ঘ) বিজয়া

১.৭ ওস্তাদ কলমবাজদের বলা হত—
(ক) জার্নালিস্ট (খ) টাইপিস্ট (গ) স্টেনোগ্রাফার (ঘ) ক্যালিগ্রাফিস্ট

১.৮ প্রীতির সঙ্গে আয়ত্ত করতে হয় যে ভাষা পদ্ধতি —
(ক) মাতৃভাষা (খ) বিদেশি ভাষা (গ) তৎসম ভাষা (ঘ) হিন্দি ভাষা

১.৯ 'আমাদের ইতিহাস নেই' — নিম্নরেখ পদটি
(ক) কর্তৃকারক (খ) কর্মকারক (গ) সম্বন্ধ পদ (ঘ) অধিকরণ কারক

১.১০ আলংকারিকগণ শব্দের যত প্রকার গুণের কথা বলেছেন—
(ক) দু'রকম (খ) তিন রকম (গ) চার রকম (ঘ) বহুরকম

১.১১ বাক্যের অর্থের পূর্ণতা প্রকাশ করে—
(ক) নামপদ (খ) অব্যয় (গ) বিশেষণ (ঘ) সমাপিকা ক্রিয়া

১.১২ দ্বন্দ্ব সমাসে অর্থ প্রাধান্য থাকে —
(ক) পূর্বপদের (খ) পরপদের (গ) উভয় পদের (ঘ) অন্য নতুন পদের

১.১৩ সম্বন্ধ তৎপুরুষ সমাসের ব্যাসবাক্যে সাধারণত যে বিভক্তি থাকে—
(ক) তে (খ) য় (গ) এ (ঘ) র/এর

১.১৪ "আবার তোরা মানুষ হ।" — যে ধরনের বাক্যের দৃষ্টান্ত—
(ক) প্রার্থনাসূচক (খ) অনুজ্ঞাসূচক (গ) অস্ত্যর্থক (ঘ) আবেগসূচক

১.১৫ বাক্যে অন্বয় অনুযায়ী পদগুলির যথাস্থানে সংস্থাপনকে বলা হয়—
(ক) আসত্তি (খ) আসক্তি (গ) আকাঙ্ক্ষা (ঘ) যোগ্যতা

১.১৬ "তোরা সব জয়ধ্বনি কর" — যে বাচ্যের উদাহরণ—
(ক) কর্তৃবাচ্য (খ) কর্মবাচ্য (গ) ভাববাচ্য (ঘ) কর্মকর্তৃবাচ্য

১.১৭ ক্রিয়ার অর্থ প্রাধান্য পায় যে বাচ্যে—
(ক) কর্তৃবাচ্য (খ) কর্মবাচ্য (গ) ভাববাচ্য (ঘ) কর্মকর্তৃবাচ্য

২। কম-বেশি ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও : ১×১৯=১৯

২.১. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

২.১.১ "গায়ে কাঁটা দিয়ে উঠলো তপনের" — তপনের গায়ে কাঁটা দিয়ে ওঠার কারণ উল্লেখ করো।

২.১.২ "এবারের মতো মাপ করে দিন ওদের" — কে, কাকে একথা বলেছিলেন?

২.১.৩ "কেবল এই জন্যই যেন সে আজও বাঁচিয়া আছে" — উক্তিটি কোন্ প্রসঙ্গে ব্যবহৃত হয়েছে?

২.১.৪ অমৃতের কোন কথা হাসানকে বদলে দিয়েছিল?

২.১.৫ "একটু মমতাবোধ করিল বটে" — কোন্ বিষয়ে মমতাবোধ করার কথা বলা হয়েছে?

২.২. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

২.২.১ "নেমে এল তার মাথার ওপর" — কার মাথার ওপর কী নেমে আসার কথা বলা হয়েছে?

২.২.২ আফ্রিকার উপেক্ষিত থাকার কারণ কী ছিল?

২.২.৩ "হাসিবে মেঘবাহন" — 'মেঘবাহন' কে ছিলেন?

২.২.৪ "পঞ্চকন্যা পাইলা চেতন" — পঞ্চকন্যা কীভাবে চেতনা ফিরে পেয়েছিল?

২.২.৫ কবি কেন কোকিলকে সহস্র উপায়ে গান বাঁধতে বলেছিলেন?

২.৩. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

২.৩.১ বাংলাভাষায় বিজ্ঞান চর্চার একটি বাধার উল্লেখ করো।

২.৩.২ "এই কথাটি সকল লেখকেরই মনে রাখা উচিত" — 'কথাটি' কী?

২.৩.৩ "সেগুলি বান্ডিল করে নিয়ে যেতাম স্কুলে" — কারা কী নিয়ে যেতেন?

২.৩.৪ শৈলজানন্দ মুখোপাধ্যায় কার কাছ থেকে ফাউন্টেন পেনের নেশা পেয়েছিলেন?

২.৪. নীচের যে-কোনো আটটি প্রশ্নের উত্তর লেখো : ১×৮=৮

২.৪.১ বিভক্তি ক-প্রকার?

২.৪.২ বাক্যে সম্বোধন পদের উদাহরণ দাও।

২.৪.৩ অনুসর্গ ও নির্দেশকের একটি পার্থক্য লেখো।

২.৪.৪ বহুব্রীহি সমাসের একটি উদাহরণ দাও।

২.৪.৫ বাক্যাশ্রয়ী সমাস বলতে কী বোঝো?

২.৪.৬ বাক্য নির্মাণের প্রধান শর্ত তিনটি কী কী?

২.৪.৭ সরলবাক্যের একটি বৈশিষ্ট্য লেখো।

২.৪.৮ ক্রিয়ার কাল অনুযায়ী অনুজ্ঞাসূচক বাক্য ক'প্রকার ও কী কী?

২.৪.৯ কোন্ বাচ্যের রূপান্তর সম্ভব নয়?

২.৪.১০ কর্মবাচ্যের ক্রিয়াপদটি কী ধরনের হয়?

৩। প্রসঙ্গ নির্দেশ করে কম-বেশি ৬০টি শব্দে উত্তর দাও : ৩+৩=৬

৩.১. যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো : ৩×১=৩

৩.১.১ "সে ও তো তাহাদেরই একজন" — সে কে? তাকে কাদের একজন বলা হয়েছে? ১+২

৩.১.২ "কিন্তু আমাকে বাঁচানোর জন্য তো আমার মা আছে।" — কার উক্তি? উক্তিটির মধ্য দিয়ে প্রকাশিত বক্তার চরিত্র বৈশিষ্ট্য তুলে ধরো। ১+২

৩.২. যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো : ৩×১=৩

৩.২.১ "আগে পূজ ইষ্টদেবে" — কার উদ্দেশ্যে কে এই উক্তি করেছিলেন? এমন উক্তির কারণ কী ছিল? ১+২

৩.২.২ "এসো যুগান্তের কবি" — যুগান্তের কবিকে আহ্বান করার কারণ উল্লেখ করো। ৩

৪। **কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো :** ৫×১=৫

৪.১ "অথচ আপনি একেবারে খাঁটি সন্ন্যাসীর মতো সব তুচ্ছ করে সরে পড়লেন"— কার কথা বলা হয়েছে? তিনি কীভাবে খাঁটি সন্ন্যাসীর মতো ব্যবহার করেছিলেন, আলোচনা করো। ১+৪

৪.২ "যাঁকে খুঁজছেন তার কালচারের কথাটা একবার ভেবে দেখুন।" — কাকে খোঁজার কথা বলা হয়েছে? যাকে থানায় আনা হয়েছিল, তার কালচারের পরিচয় দাও। ১+৪

৫। **কম-বেশি ১৫০ শব্দে একটি প্রশ্নের উত্তর লেখো :** ৫×১=৫

৫.১ 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতায় যুদ্ধবিরোধী মনোভাবের যে পরিচয় পাওয়া যায়, তার বর্ণনা দাও।

৫.২ "আসছে নবীন — জীবনহারা অ-সুন্দরে করতে ছেদন।" — প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির মর্মার্থ বিশ্লেষণ করো।

৬। **কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো :** ৫×১=৫

৬.১ "আমরা কালিও তৈরি করতাম নিজেরাই।" — কারা কালি তৈরি করতেন? তারা কীভাবে কালি তৈরি করতেন? ১+৪

৬.২ "অনেকে মনে করেন পারিভাষিক শব্দ বাদ দিয়ে বক্তব্য প্রকাশ করলে রচনা সহজ হয়।" — আলোচ্য প্রবন্ধে পরিভাষা রচনা প্রসঙ্গে প্রাবন্ধিক যে মত প্রকাশ করেছেন, তা আলোচনা করো। ৫

৭। **কম-বেশি ১২৫ শব্দে একটি প্রশ্নের উত্তর লেখো :** ৪×১=৪

৭.১ "আজ বিচারের দিন নয়, সৌহার্দ্য স্থাপনের দিন।" — কার উক্তি? প্রসঙ্গ নির্দেশ করে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৩

৭.২ "মনে হয় ওর নিঃশ্বাসে বিষ; ওর দৃষ্টিতে আগুন" — বক্তা কে? যার সম্পর্কে একথা বলা হয়েছে, নাট্যাংশ অবলম্বনে তার চরিত্র বৈশিষ্ট্য আলোচনা করো। ১+৩

৮। **কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর লেখো :** ৫×২=১০

৮.১ "ওইটেই তো আমি রে, যন্ত্রণাটাই তো আমি" — বক্তা কে? কোন প্রসঙ্গে তিনি এমন মন্তব্য করেছিলেন? ১+৪

৮.২ "অবশেষে কোনি বাংলা সাঁতার দলে জায়গা পেল।"— কোনি কীভাবে বাংলা সাঁতার দলে জায়গা পেয়েছিল— তা আলোচনা করো। ৫

৮.৩ 'কোনি' উপন্যাস অবলম্বনে স্বামীর যোগ্য সহধর্মিনী হিসেবে লীলাবতীর পরিচয় দাও। ৫

৯। **চলিত গদ্যে বঙ্গানুবাদ করো :** ৪

Discipline is of great importance in student life. Students should be taught to realize that the observance of discipline is a sacred duty of theirs. They should respect their superiors. They should cultivate the habit of punctuality and good manners.

১০। **কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো :** ৫×১=৫

১০.১ গ্লোবাল ওয়ার্মিং বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২ বিদ্যালয়ের বার্ষিক সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণী উৎসব বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

১১। **কম-বেশি৪০০ শব্দে যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো :** ১০

১১.১ বাংলার উৎসব

১১.২ পরিবেশ দূষণ ও তার প্রতিকার

১১.৩ বিজ্ঞানমনস্কতা ও কুসংস্কার

১১.৪ একটি ভ্রমণের অভিজ্ঞতা

ANSWER KEY

১.১. (গ) সাতদিন ১.২. (গ) কালিয়া ১.৩. (গ) পুলিশ ইন্সপেক্টর ১.৪. (খ) প্রদোষকালে ১.৫. (ক) কবি ১.৬. (ক) পদ্মাবতী ১.৭. (ঘ) ক্যালিগ্রাফিস্ট ১.৮. (ক) মাতৃভাষা ১.৯. (খ) কর্মকারক ১.১০. (খ) তিন রকম ১.১১. (ঘ) সমাপিকা ক্রিয়া ১.১২. (গ) উভয় পদের ১.১৩. (ঘ) র/এর ১.১৪. (ক) প্রার্থনাসূচক ১.১৫. (ক) আসত্তি ১.১৬. (ক) কর্তৃবাচ্য ১.১৭. (গ) ভাববাচ্য

RAMAKRISHNA MISSION BOYS' HOME HIGH SCHOOL (HS), RAHARA

BENGALI

সময়ঃ ৩ ঘঃ ১৫ মিনিট পূর্ণমান-৯০

১। **সঠিক উত্তরটি নির্বাচন করোঃ** ১×১৭=১৭

১.১। "ওই চোখ কি হরিদার চোখ হতে পারে"—বক্তা কে?
(ক) ভবতোষ (খ) জগদীশবাবু (গ) অনাদি (ঘ) বিরাগী

১.২। "ক্ষণকাল মৌন থাকিয়া কহিলেন"— ক্ষণকাল মৌন ছিলেন—
(ক) গিরিশ মহাপাত্র (খ) নিমাইবাবু (গ) জগদীশবাবু (ঘ) তলোয়ারকর

১.৩। পান্নালাল প্যাটেল 'জ্ঞানপীঠ' পুরস্কার লাভ করেন—
(ক) ১৯৭৫ সালে (খ) ১৯৬৫ সালে (গ) ১৯৭৭ সালে (ঘ) ১৯৮৫ সালে

১.৪। "আমাদের কথা কে-বা জানে / আমরা ফিরেছি .....।"
(ক) দোরে দোরে (খ) কাছে দূরে (গ) দূরে দূরে (ঘ) অনেক দূরে

১.৫। "জীবনহারা অ-সুন্দরে করতে ছেদন"—কে আসছে?
(ক) নবীন (খ) চিরসুন্দর (গ) মহাকাল সারথি (ঘ) মুমূর্ষু

১.৬। বৃহন্নলারূপী কিরীটির গোধন উদ্ধারের সঙ্গী ছিলেন—
(ক) বিরাটপুত্র (খ) পবনপুত্র (গ) রাবণপুত্র (ঘ) চিত্রাঙ্গদাপুত্র

১.৭। 'কায়স্থ' আর 'রাজপুত' চেনা যায় যথাক্রমে—
(ক) কলম ও গায়ের রঙে (খ) কলম ও গোঁফে
(গ) আভিজাত্য ও গোঁফে (ঘ) গোঁফে ও কলমে

১.৮। 'পাশ্চাত্য পাঠকের তুলনায় তার পক্ষে একটু বেশি চেষ্টা আবশ্যক'—এখানে 'তার' বলতে যার কথা বোঝানো হয়েছে —
(ক) ইংরেজি না-জানা পাঠক (খ) বাংলা না-জানা পাঠক
(গ) ইংরেজি জানা পাঠক (ঘ) বাংলা জানা পাঠক

১.৯। "অনেক ধরে ধরে টাইপরাইটারে লিখে গেছেন মাত্র একজন" —তিনি হলেন—
(ক) সত্যজিৎ রায় (খ) অন্নদাশঙ্কর রায় (গ) রাজশেখর বসু (ঘ) সুবোধ ঘোষ

১.১০। 'শুনি টঙ্কার তাহার <u>পিনাকে</u>'— নিম্নরেখ পদটি হল—
(ক) কর্তৃকারক (খ) অপাদান কারক (গ) করণ কারক (ঘ) অধিকরণ কারক

১.১১। 'আমার আজ আর আপিস যাওয়া হলই না।'—এখানে 'আমার' হল—
(ক) অনুক্ত কর্তা (খ) নিরপেক্ষ কর্তা (গ) কর্মকর্তৃবাচ্যের কর্তা (ঘ) উহ্য কর্তা

১.১২। 'ছন্নমতি'—সমস্ত পদটির সমাসের নাম —
(ক) বহুব্রীহি সমাস (খ) কর্মধারয় সমাস (গ) তৎপুরুষ সমাস (ঘ) অব্যয়ীভাব সমাস।

১.১৩। 'অন্নসুধার মতো' — এখানে 'অন্ন' ও 'সুধা' হল যথাক্রমে—
(ক) উপমেয় ও উপমান (খ) উপমান ও উপমেয়
(গ) উপমেয় ও সাধারণ ধর্ম (ঘ) উপমান ও সাধারণ ধর্ম।

১.১৪। "এই অন্তরমহলে মানুষের যে মিলন, সেই মিলনই সত্য মিলন।"—গঠন অনুসারে বাক্যটি
(ক) সরল বাক্য (খ) জটিল বাক্য (গ) যৌগিক বাক্য (ঘ) মিশ্র বাক্য

১.১৫। "এস আমার দৈন্যমাঝে রাজার সাজে।" — অর্থগত দিক থেকে বাক্যটি হল —
(ক) প্রার্থনাসূচক (খ) অনুজ্ঞাসূচক (গ) নির্দেশক (ঘ) শর্তসাপেক্ষ

১.১৬। যে বাচ্যের ক্রিয়াটি সবসময় হ-ধাতুনিষ্পন্ন অকর্মিকা ক্রিয়া এবং মধ্যম ও প্রথম পুরুষে একই রূপে থাকে সেটি হল—
(ক) কর্তৃবাচ্য (খ) কর্মবাচ্য (গ) ভাববাচ্য (ঘ) কর্মকর্তৃবাচ্য

১.১৭। 'কিছুই বলা যাচ্ছে না।' > 'কিছুই বলতে পারছি না।' —এখানে যে বাচ্যান্তর ঘটেছে তা হল—
ক) ভাববাচ্য থেকে কর্তৃবাচ্য (খ) কর্মবাচ্য থেকে কর্তৃবাচ্য
(গ) কর্মবাচ্য থেকে ভাববাচ্য (ঘ) কর্তৃবাচ্য থেকে কর্মবাচ্য

২। **কম-বেশি ২০টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাওঃ** ১×১৯=১৯

২.১। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ১×৪=৪

২.১.১। "ইসাবের মনে পড়ল"—ইসাবের কী মনে পড়েছিল?

২.১.২। "সত্যিই যে বিশ্বাস করতে পারছি না" — বক্তা কী বিশ্বাস করতে পারছে না?

২.১.৩। "আমার ইচ্ছা তুমি একবার সবগুলো দেখে আস।" —এখানে কী দেখে আসার কথা বলা হয়েছে ?

২.১.৪। "তাহার উচিত হয় নাই।"— কার কী করা উচিত হয়নি?

২.১.৫। "উনি ঘোষণা করলেন"—কে কী ঘোষণা করেছিলেন?

২.২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ১×৪=৪

২.২.১। "পঞ্চকন্যা পাইলা চেতন"—পঞ্চকন্যা কীভাবে চেতনা ফিরে পেল?

২.২.২। "সব চূর্ণ হয়ে গেল, জ্বলে গেল আগুনে" — কী কী চূর্ণ হয়ে আগুনে-জ্বলে গিয়েছিল ?

২.২.৩। "স্রষ্টা যখন নিজের প্রতি অসন্তোষে"— স্রষ্টা নিজের প্রতি অসন্তুষ্ট ছিলেন কেন ?

২.২.৪। "হা ধিক্ মোরে!"—বক্তা কেন নিজেকে ধিক্কার দিয়েছিলেন?

২.২.৫। "তবু তো ক'জন আছি বাকি"—কবির একথা বলার কারণ কী?

২.৩। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাওঃ ১×৩=৩

২.৩.১। "বড়োরা শিখিয়ে দিয়েছিলেন"—বড়োরা কী শিখিয়ে দিয়েছিলেন?

২.৩.২। "কিন্তু তাও কেউ কেউ লিখে থাকেন"— কী লেখার কথা বলা হয়েছে ?

২.৩.৩। "কলম সেদিন খুনিও হতে পারে বইকি"— কোন প্রসঙ্গে একথা বলা হয়েছে লেখো।

২.৩.৪। "তাদের নতুন করে শিখতে হচ্ছে"—কী শেখার কথা বলা হয়েছে?

২.৪ যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাওঃ ১×৮=৮

২.৪.১। ব্যতিহার কর্তা কাকে বলে?

২.৪.২। সমধাতুজ করণের একটি উদাহরণ দাও।

২.৪.৩। কপোতাক্ষ—পদটির ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো।

২.৪.৪। নীচের ব্যাসবাক্যটি সমাসবদ্ধ করে তার শ্রেণি নির্ণয় করো—
বর দান করেন যিনি।

২.৪.৫। 'ইন্দ্র আশ্বাস দিলেও আমি রাজি হইলাম না।"—যৌগিক বাক্যে রূপান্তর করো।

২.৪.৬। 'তখন ধীরে ধীরে সমস্ত বিষয়টাই পরিস্ফুট হইয়া উঠিল।'—নঞর্থকবাক্যে রূপান্তর করো।

২.৪.৭। 'আপনারা এখন কি ভবানীপুরেই থাকেন'? — ভাববাচ্যে রূপান্তর করো।

২.৪.৮। কর্মকর্তৃবাচ্যের একটি উদাহরণ দাও।

২.৪.৯। আসত্তিহীন একটি বাক্যের উদাহরণ দাও।

২.৪.১০। কোন বহুব্রীহি সমাসে পূর্বপদ ও উত্তরপদ পৃথক বিভক্তিযুক্ত হয়?

৩। **প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০টি শব্দে উত্তর দাওঃ** ৩+৩=৬

৩.১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×১=৩

৩.১.১। "কৈ এ ঘটনা তো আগে বলেননি"—কে কাকে একথা বলেছে? এখানে কোন ঘটনার কথা বলা হয়েছে? ১+২

৩.১.২। 'হঠাৎ ভয়ানক একটা উত্তেজনা অনুভব করে'— বক্তার উত্তেজনার কারণ কী? উত্তেজিত হয়ে বক্তা কী করেছিল? ২+১

৩.২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×১=৩

৩.২.১। 'তারা আর স্বপ্ন দেখতে পারলো না'—'তারা' বলতে কাদের কথা বলা হয়েছে? তারা স্বপ্ন দেখতে পারলো না কেন? ১+২

৩.২.২। 'ধ্বংস দেখে ভয় কেন তোর'— ধ্বংসকে ভয় না পাওয়ার কারণটি বুঝিয়ে দাও।

৪। **কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ** ৫

৪.১। 'বাবুটির স্বাস্থ্য গেছে, কিন্তু শখ ষোলো আনাই বজায় আছে' — বক্তা কার সম্পর্কে এ কথা বলেছেন? তার স্বাস্থ্য ও শখের পরিচয় দাও। ১+৪

৪.২। 'তাতে যে আমার ঢং নষ্ট হয়ে যাবে।'— বক্তা কোন প্রসঙ্গে এ কথা বলেছেন? এই উক্তির আলোকে বক্তার চরিত্র বিশ্লেষণ করো। ২+৩

৫। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ

৫.১। "তোমায় নিয়ে বেড়াবে গান / নদীতে, দেশগাঁয়ে" — কার কোন রচনার অংশ? প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বুঝিয়ে লেখো।

৫.২। "দেখিয়া রূপের কলা বিস্মিত হইল বালা"— উদ্ধৃত অংশের 'বালা' কে? পঠিত কবিতা অবলম্বনে সৌন্দর্যপ্রীতির পরিচয় দাও।

৬। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ

৬.১। "জন্ম নিল ফাউন্টেন পেন।" — ফাউন্টেন পেনের স্রষ্টা কে? বাংলায় কে এই পেনের নামকরণ করেন? ফাউন্টেন পেনের জন্মবৃত্তান্তটি সংক্ষেপে লেখো।

৬.২। 'বাংলা ভাষায় বিজ্ঞান' রচনায় প্রাবন্ধিক বাংলা ভাষায় বিজ্ঞানচর্চার ক্ষেত্রে কোন অসুবিধার কথা বলেছেন আলোচনা করো।

৭। কম-বেশি ১২৫টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ

৭.১। "বাংলা শুধু হিন্দুর নয়, বাংলা শুধু মুসলমানের নয়"—মিলিত হিন্দু-মুসলমানের মাতৃভূমি পূর্ববঙ্গ প্রসঙ্গে বক্তার উদ্ধৃতাংশটির আলোকে বক্তার দেশপ্রেম ও সাম্প্রদায়িক সম্প্রীতিবোধের পরিচয় দাও।

৭.২। "বাংলার ভাগ্যাকাশে আজ দুর্যোগের ঘনঘটা"— বক্তা কে? বক্তার এমন উক্তির কারণ কী?

৮। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাওঃ

৮.১। 'সাঁতারু অনেক বড়ো সেনাপতির থেকে'— উক্তিটি কার? উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ করো।

৮.২। 'কোনি' উপন্যাসে বিষ্টু ধরের চারিত্রিক বৈশিষ্ট্য উল্লেখ করো।

৮.৩। "এই মুহূর্তে সে বুঝল তার মাথা থেকে মুকুট তুলে নিয়েছে হিয়া"—কার কথা বলা হয়েছে? সে কীভাবে এই উপলব্ধিতে উপনীত হল তা বুঝিয়ে দাও।

৯। চলিত বাংলায় অনুবাদ করোঃ

Once a soldier was made a prisoner of war. After a few years the war ended and he was released. One day while he was walking near a market he saw a bird-seller with a cage full of birds for sale. The soldier bought the cage and then set all the birds free one by one. When the people around asked him about his strange behavior he replied,– "I know the agony of captivity."

১০। কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ

১০.১। 'যত্রতত্র নোংরা আবর্জনা ফেলা পরিবেশ দূষণের অন্যতম কারণ'— এই বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১০.২। কম্পিউটার শিক্ষার প্রয়োজনীয়তা বিষয়ে দুই বন্ধুর মধ্যে কাল্পনিক সংলাপ রচনা করো।

১১। কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করোঃ

১১.১। পরিবেশ দূষণ ও তার প্রতিকার।

১১.২। শিক্ষা বিস্তারে গণমাধ্যমের ভূমিকা।

১১.৩। একটি ভ্রমণের অভিজ্ঞতা।

১১.৪। বাংলার ঋতুবৈচিত্র্য।

ANSWER KEY

১.১. (ক) ভবতোষ ১.২. (খ) নিমাইবাবু ১.৩. (ঘ) ১৯৮৫ সালে ১.৪. (ক) সোরে সোরে ১.৫. (ক) নদীর ১.৬. (ক) বিরাটপুত্র ১.৭. (খ) কলম ও গোঁফে ১.৮. (ক) ইংরেজি না জানা পাঠক ১.৯. (খ) অন্নদাশঙ্কর রায় ১.১০. (খ) অপাদান কারক ১.১১. (ক) অনুক্ত কর্তা ১.১২. (ক) বহুব্রীহি সমাস ১.১৩. (ক) উপমেয় ও উপমান ১.১৪. (খ) জটিল বাক্য ১.১৫. (ক) প্রার্থনাসূচক ১.১৬. (গ) ভাববাচ্য ১.১৭. (ক) ভাববাচ্য থেকে কর্তৃবাচ্য

KRISHNATH COLLEGE SCHOOL
BENGALI

সময় ঃ ৩ ঘঃ ১৫ মিঃ পূর্ণমান-১০

১। সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ ১×১০=১০

১.১. "রত্নের মূল্য জহুরির কাছে।"—এখানে জহুরির সঙ্গে তুলনা করা হয়েছে—

(ক) 'সন্ধ্যাতারা' পত্রিকার সম্পাদককে (খ) মাসিকে

(গ) তপনের মাকে (ঘ) নতুন মেসোমশাইকে

১.২. "সে ভয়ানক দুর্লভ জিনিস"— 'দুর্লভ জিনিস'টি হল—
ক) একশো টাকার একটা নোট খ) সন্ন্যাসীর পায়ের ধুলো
গ) হরিতকি ঘ) সোনার বোল লাগানো কাঠের খরম

১.৩. 'নদীর বিদ্রোহ' গল্পের প্যাসেঞ্জার ট্রেনটি যে সময়ের—
ক) তিনটে পঁয়তাল্লিশের খ) চারটে পঁয়তাল্লিশের গ) পাঁচটা পঁয়তাল্লিশের ঘ) ছ-টা পঁয়তাল্লিশের

১.৪. "সেই হোক তোমার সভ্যতার শেষ পুণ্যবাণী" — 'পুণ্যবাণী'টি হল—
ক) হিংস্র প্রলাপ খ) পূজার ঘণ্টা গ) সুন্দরের আরাধনা ঘ) ক্ষমা করা

১.৫. "জিজ্ঞাসিলে মহাবাহু বিস্ময় মানিয়া" — 'মহাবাহু' জিজ্ঞেস করেছিলেন—
ক) দেবী লক্ষ্মীকে খ) প্রমীলাকে গ) সৈন্যদলকে ঘ) কুম্ভকর্ণকে

১.৬. "মাভৈঃ মাভৈঃ।" — 'মাভৈঃ' শব্দটির অর্থ—
ক) এগিয়ে চলো খ) সামনে চলো গ) ভয় করো না ঘ) থেমে থাকো

১.৭. আদিতে ফাউন্টেন পেনের নাম ছিল —
ক) রিজার্ভার পেন খ) বল পেন গ) ঝরনা কলম ঘ) ব্যারেল পেন

১.৮. চার খণ্ড রামায়ণ কপি করে একজন লেখক অষ্টাদশ শতকে কত টাকা পেতেন?
ক) সাত টাকা খ) বারো টাকা গ) আট টাকা ঘ) সাত আনা

১.৯. কত খ্রিস্টাব্দে কলিকাতা বিশ্ব বিশ্ববিদ্যালয় পরিভাষা সমিতি নিযুক্ত করেছিল?
ক) ১৯৩৬ খ) ১৯৪০ গ) ১৯৪৭ ঘ) ১৯৪৫

১.১০. "ইসাবের মেজাজ চড়ে গেল" — নিম্নরেখ পদটি কোন কারকের উদাহরণ?
ক) কর্মকারক খ) করণ কারক গ) কর্তৃকারক ঘ) অপাদান কারক

১.১১. দ্বন্দ্ব সমাসের 'দ্বন্দ্ব' শব্দটির অর্থ—
ক) বিরোধ খ) ঝগড়া গ) মিলন ঘ) আলাদা

১.১২. যে সমাসে উপমান, সাধারণ ধর্ম এবং সাদৃশ্য বাচক পদের উল্লেখ থাকে কিন্তু উপমেয় থাকে না তাকে বলে—
ক) সাধারণ কর্মধারয় খ) উপমান কর্মধারয় গ) উপমিত কর্মধারয় ঘ) রূপক কর্মধারয়

১.১৩. "দার্শনিক তাকেই বলি যিনি কানে কলম গুঁজে দুনিয়া খোঁজেন।" — বাক্যটি হল—
ক) সরল বাক্য খ) জটিল বাক্য গ) যৌগিক বাক্য ঘ) মিশ্র বাক্য

১.১৪. কর্মবাচ্যের কর্তাকে বলে—
ক) উক্ত কর্তা খ) অনুক্ত কর্তা গ) সহযোগী কর্তা ঘ) ব্যতিহার কর্তা

১.১৫. বাক্যের যোগ্যতা বলতে বোঝায়—
ক) বাস্তবতা খ) কৌতূহল গ) আকর্ষণ ঘ) মনোভাব

১.১৬. 'উপপদ' শব্দের অর্থ হল—
ক) সম্পদ খ) সংখ্যাবাচক শব্দ গ) সমার্থক পদ ঘ) সমীপবর্তী পদ

১.১৭. প্রদত্ত শব্দগুলির কোন দুটি বিদেশি অনুসর্গের উদাহরণ—
ক) দরুন, বনাম খ) সহিত, দ্বারা গ) জন্য, বিনা ঘ) চেয়ে, করে

২। কম-বেশি ২০টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ ১×১৯=১৯

২.১ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪=৪

২.১.১. "মেসোর উপযুক্ত কাজ হবে সেটা।" — কোন কাজটি মেসোর উপযুক্ত হবে?
২.১.২. "বাইজির ছদ্মবেশে সেদিন হরিদার রোজগার মন্দ হয়নি।"— সেদিন হরিদার কত টাকা রোজগার হয়েছিল?
২.১.৩. "ইত্যবসরে এই ব্যাপার।"— ইত্যবসরে কী ঘটনা ঘটেছিল?
২.১.৪. "অমৃত কী জবাব দিয়েছিল জানেন?"— অমৃতের জবাব কী ছিল?
২.১.৫. "সে প্রায় কাঁদিয়া ফেলিয়াছিল" — তার কেঁদে ফেলার কারণ কী?

২.২ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪=৪

২.২.১. "হৈমবতীসুত যথা"— 'হৈমবতীসুত'-এর পরিচয় দাও।
২.২.২. "ভেঙে আবার গড়তে জানে সে চিরসুন্দর" — 'চিরসুন্দর' কে?
২.২.৩. "আমার শুধু একটা কোকিল"— এখানে কী অর্থে 'কোকিল' শব্দটি ব্যবহৃত হয়েছে?

২.২.৪. "এসো যুগান্তরের কবি" — যুগান্তরের কবির ভূমিকাটি কী হবে?
২.২.৫. "আমাদের পথ নেই কোনো" — আমাদের কোনো পথ নেই কেন?

২.৩ যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৩=৩

২.৩.১. "তা জেনেছিলাম সুভো ঠাকুরের বিখ্যাত দোয়াত সংগ্রহ দেখতে গিয়ে"— সুভো ঠাকুরের পরিচয় দাও।
২.৩.২. "যন্ত্রটা এক ধরনের পেনসিল সার্পনারের মতো।" — যন্ত্রটির বিবরণ দাও।
২.৩.৩. "তাতে অনেকে মুশকিলে পড়েছেন"— অনেকে মুশকিলে পড়েছেন কেন?
২.৩.৪. "এই ধারণা পুরোপুরি ঠিক নয়।"— কোন ধারণার কথা বলা হয়েছে?

২.৪ যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৮=৮

২.৪.১. সন্ধি ও সমাসের একটি পার্থক্য লেখো।
২.৪.২. শূন্য বিভক্তিকে শূন্য বলা হয় কেন?
২.৪.৩. প্রশ্নসূচক বাক্যে 'কি' এবং 'কী'-এর পার্থক্য লেখো।
২.৪.৪. নির্দেশক বলতে কী বোঝ?
২.৪.৫. 'চতুরঙ্গ' শব্দটির ব্যাসবাক্য-সহ সমাসের নাম লেখো।
২.৪.৬. বাক্যের আকাঙ্ক্ষা বলতে কী বোঝ?
২.৪.৭. বাচ্য বলতে কী বোঝ?
২.৪.৮. 'এ কার লেখা'? — কর্তৃবাচ্যে পরিবর্তন করো।
২.৪.৯. অকারক পদ কত প্রকার ও কী কী?
২.৪.১০. "বৃথা আশা মরিতে মরিতেও মরে না।" (যৌগিক বাক্যে পরিবর্তন করো)

৩। প্রসঙ্গ নির্দেশসহ কমবেশি ৬০টি শব্দে উত্তর দাও ঃ ৩+৩=৬

৩.১. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৩×১=৩

৩.১.১. "তাতে যে আমার ঢং নষ্ট হয়ে যায়"— 'ঢং' বলতে কী বোঝানো হয়েছে? কীসে ঢং নষ্ট হয়ে যাবে? ১+২=৩
৩.১.২. গ্রাম প্রধান সব শুনে অমৃত ও ইসাব সম্বন্ধে কী সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন? ৩

৩.২. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৩×১=৩

৩.২.১. "বিধি মোরে না কর নৈরাশ"— কার প্রার্থনা? এমন প্রার্থনার কারণ কী? ১+২=৩
৩.২.২. "শান্ত হলুদ দেবতারা"— দেবতাদের 'শান্ত হলুদ' বলা হয়েছে কেন? তাদের কী পরিণতি হয়েছিল? ২+১=৩

৪। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

৪.১. "কিন্তু এই জানোয়ারটাকে ওয়াচ করবার দরকার নেই বড়বাবু।"— জানোয়ারটা বলতে কাকে ইঙ্গিত করা হয়েছে? তাকে 'ওয়াচ' করার দরকার নেই কেন? ১+৪=৫
৪.২. "শুধু এই দুঃখের মুহূর্তে গভীরভাবে সংকল্প করে তপন।" — তপন কী সংকল্প করে? তপনের এরূপ উপলব্ধির কারণ কী? ১+৪=৫

৫। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

৫.১. 'প্রলয়োল্লাস' কবিতাটিতে কবি প্রলয় ও সৃষ্টি দুয়েরই প্রকাশ ঘটিয়েছেন, তা আলোচনা করো। ৫
৫.২. কবি জয় গোস্বামীর 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতায় যুদ্ধবিরোধী মনোভাবের যে প্রকাশ ঘটেছে তা নিজের ভাষায় বিবৃত করো। ৫

৬। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

৬.১. "আমরা কালিও তৈরি করতাম নিজেরাই।"— কালি তৈরির পদ্ধতিটি বর্ণনা করো। ৫
৬.২. "যে লোক আজন্ম ইজার পরেছে তার পক্ষে হঠাৎ ধুতি পরা অভ্যাস করা একটু শক্ত।" — 'ইজার' ও 'ধুতি' বলতে কী বোঝানো হয়েছে? অভ্যাস করা একটু শক্ত বলার কারণ কী? ২+৩=৫

৭। কম-বেশি ১২৫ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৪×১=৪

৭.১. "বাংলায় আমি এমন আগুন জ্বালাইবো, যাহা গঙ্গার সমস্ত জল দিয়াও নেভানো যাইবে না।" —এখানে বক্তা কে? বক্তার এমন মন্তব্যের কারণ বিশ্লেষণ করো। ১+৩=৪
৭.২. "এইবার হয় ত শেষ যুদ্ধ!" — কোন যুদ্ধের কথা বলা হয়েছে? বক্তা এই যুদ্ধকে 'শেষ যুদ্ধ' বলেছেন কেন? ১+৩=৪

৮। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

